# সভা নং-৩৯

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের জুলাই /২০২২খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : এম এ জাহের
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।
সভার তারিখ : ২৪/০৭/২০২২খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। বিগত সভার অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরনী পাঠ করা হয়। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরনী উপস্থাপন করা হয়। পাঠান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, ব্রাহ্মণপাড়া হাসপাতাল পরিচালনা কমিটির সভা বীরমুক্তিযোদ্ধা আবুল হাসেম খান মাননীয় এমপি মহোদয়ের উপস্থিতি অনুষ্ঠিত হয়। এছাড়া হাসপাতাল এর অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। যারা বোস্টার ডোজ গ্রহণ করেন নাই তাহারা অতি দ্রুত বোস্টার ডোজ টিকা গ্রহণ করার জন্য অনুরোধ জানান। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় প্রনোদনা কর্মসূচীর আওতায় ৩০০ জন কৃষক/কৃষাণীর মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ করা হয়।<br>অত্র অফিসের টয়লেটের সেফটি টাংকটি একেবারে বিনষ্ট হওয়ার ফলে টয়লেটটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে, এমতাবস্থায় ট্যাংকটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।<br>বর্তমানে অত্র উপজেলায় রোপা আউশ আবাদের লক্ষ্যমাত্রা ছিল ৪৮৪৫ হেঃ তারমধ্যে ৪৬৪০ হেক্টর জমিতে রোপা আউশ আবাদ হয়। আউশ আবাদ মৌসুমে পাহাড়ী ঢলের ফলে পানি বৃদ্ধির কারণে আউশ আবাদের লক্ষ্যমাত্রা অর্জন হয়নি এবং মাঠের বর্তমান পরিস্থিতি পর্যবেক্ষন করে জানা যায় যে, মাঠে কিছু রোগ-বালাই পরিলক্ষিত হয় তার সমাধানে কৃষি বিভাগ সব সময় কৃষকের পাশে পরামর্শ দিয়ে যাচ্ছে।<br>বিগত মাসে ব্রাহ্মণপাড়া উপজেলার ৮টি ইউনিয়নে বিভিন্ন প্রকল্প/কর্মসূচীর আওতায় বিভিন্ন প্রদর্শণী, বীজ ও সার সরবরাহ করা হয়। | | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৩ | ক. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে ব্রাহ্মণপাড়া উপজেলার এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী প্রকল্প বাছাই ও প্রস্তুত করার জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ অনুকূলে ভাইস চেয়ারম্যানগণ ও সকল ইউপি চেয়ারম্যানগণ কে আগামী ২৮/০৭/২০২২ তারিখের মধ্যে উপজেলা পরিষদ এর নিকট প্রকল্প প্রস্তাব তালিকা প্রেরণ করার সভায় উপস্থাপন করা হয়। | অতি দ্রুত প্রকল্প প্রস্তাব প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া |

খ. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া, কুমিল্লা জানান যে, গত জুন/২০২২ মাসের মাসিক সভায় উপজেলা উন্নয়ন তহবিল হতে নিম্নোক্ত ০১টি স্কীম সংশোধনের জন্য উপস্থাপন করা হলো ।ঃ

| ক্রমিক নং | উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ |
|---|---|---|
| ১ | বাগড়া মেইন রাস্তা হতে রিয়াদ চেয়ারম্যান এর বাড়ী পর্যন্ত রাস্তায় ইটের সলিং এর স্থলে বাগড়া মেইন রাস্তা হতে রিয়াদ চেয়ারম্যান এর বাড়ী পর্যন্ত রাস্তার পার্শ্বে ট্রু-ওয়াল নির্মাণ। | ২,০০,০০০/- |

সিদ্ধান্তঃ সংশোধিত স্কীম অনুমোদন করা হয় ও পিআইসি কমিটির মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা

| | | | |
|---|---|---|---|
| | গ. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, সালদানদীর ০৪টি বসত বাড়ী ভাঙ্গন রক্ষার্থে জিও ব্যাগ দ্বারা বালি ভরাট কাজের অবশিষ্ট (২য় অংশ) বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন উপস্থাপন করা হয়। | প্রাক্কলন অনুমোদন ও উপজেলা উন্নয়ন তহবিল খাত হতে আরএফকিউ মাধ্যমে ব্যয় করা হয়। | প্রকৌশলী |

ঘ. সাব-রেজিষ্ট্রি অফিস ভবন নির্মাণের জন্য ৩০ শতাংশ ভূমি সাব- রেজিষ্ট্রারের অনুকূলে উপজেলা পরিষদের মার্চ/২০০০ ইং সালের মাসিক সভার কার্যবিবরণীর মাধ্যমে প্রদান করা হয় মর্মে সাব-রেজিষ্ট্রার সভাকে অবহিত করেন। উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া জানান যে, পরবর্তীতে উপজেলা পরিষদের মালিকানাধীন উক্ত জায়গায় সাব-রেজিষ্ট্রারের ভবন স্থাপিত হয়। উল্লেখ্য ভবনের পশ্চিম পাশের দেয়াল উপজেলা পরিষদের সীমানা প্রাচীর হিসেবে ব্যবহৃত হচ্ছে।

ব্রাহ্মণপাড়া সিএনজি স্ট্যান্ডের দীর্ঘ যানজটের কারণে উপজেলাবাসী দীর্ঘ বেশ কয়েকদিন ধরে কষ্ট করে আসছে। উপজেলাবাসী এই দূর্ভোগ লাঘবে উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, ব্রাহ্মণপাড়া সদর ইউনিয়নের রশিদ মার্কেট হতে উপজেলা পরিষদ মডেল স্কুল পর্যন্ত প্রায় ৮০০ মিটার একটি বাইপাস সড়ক নির্মাণের জন্য মার্চ/২০২১ এর মাসিক সভায় আলোচনা করে। পরবর্তীতে উপজেলা পরিষদের চেয়ারম্যান ১৭মে,২০২২ তারিখ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) সাধারণ খাত হতে কার্যবিবরণীর মাধ্যমে উক্ত রাস্তা নির্মাণে ১২.৪৪৯১ মেট্রিক টন খাদ্যশস্য (চাল) বরাদ্দ প্রদান করেন। অতঃপর মাননীয় সংসদ সদস্য কর্তৃক ২৬ জুন,২০২২ তারিখ জেলা প্রশাসক বরাবরে উক্ত রাস্তার অবশিষ্টাংশ নির্মাণে কাবিখা প্রকল্পের অধীনে ৩.০০ মেট্রিক টন খাদ্যশস্য (চাল) বরাদ্দ চেয়ে পত্র প্রদান করা হয়। উক্ত প্রকল্প অনুমোদনের পর রাস্তার অবশিষ্টাংশ নির্মাণ কাজ চলতে থাকে। ৮০০ মিটার দৈর্ঘ্যের রাস্তার এখনো ১৫০ মিটারের কাজ বাকি রয়েছে। এই ১৫০ মিটার অংশটি মূল রাস্তার উত্তর পাশে অবস্থিত ও নির্মাণাধীন রাস্তার এক পাশ উপজেলা পরিষদ সীমানা প্রাচীর ও এর আওতাধীন মডেল স্কুলের সীমানা প্রাচীর সংলগ্ন।

উল্লেখ্য, উক্ত দেয়ালের আংশিক অংশ ( পূর্ব ও দক্ষিণে ১০ফুট) সাব রেজিষ্টি অফিসের ভবনের দেয়াল সংলগ্ন হওয়ায় দেয়ালটি রাস্তায় প্রদত্ত বরাদ্দ হতে পুনঃ নির্মাণ করে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এতে করে শুধুমাত্র পরিষদের ১০০ বর্গফুট বা .৫৯ শতাংশ জমি কমে যায়। কিন্তু রাস্তাটি গুরুত্ব বিচেনায় পরিষদ উক্ত বিষয়টি সর্বসম্মতিক্রমে বিচেনা করে। উক্ত মাসিক সভায় উপজেলা সাব-রেজিষ্ট্রার উপস্থিত থাকেন এই বিষয়ে উনার কোন বক্তব্য আছে কি না জানতে চাওয়া হলে উনি বক্তব্য নেই মর্মে উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ রাস্তা সংলগ্ন এই প্রাচীরের যে অংশে সাব-রেজিষ্ট্রার এর কার্যালয় রয়েছে সেই অংশের উত্তর-পশ্চিমে পূর্বদিকে ৩০ ফুট ও দক্ষিণ দিকে ১০ ফুট (মোট ৩০০ বর্গফুট) সরিয়ে সীমানা পুনঃস্থাপন না করলে রাস্তাটি নির্মাণ করা জটিল হয়ে পড়ে। এ কারণে, রাস্তাটির গুরুত্ব বিবেচনায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও সকল সদস্যের সর্বসম্মতিক্রমে ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের সীমানার উত্তর পশ্চিমে উপজেলা পরিষদের সীমানা প্রাচীর পূর্ব দিকে ৩০ ফুট ও দক্ষিন দিকে ১০ ফুট সরিয়ে আনার সিদ্ধান্ত গৃহীত হয় ও অনুমোদন করা হয়।

. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে দৃষ্টি নন্দন ও সৌন্দর্য্য বর্ধনের কাজের প্রাক্কলন নিম্নে উপস্থাপন করা হল:

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ |
|---|---|---|
| ১ | উপজেলায় ঢোকার প্রবেশপথ | |
| ২ | প্রবেশপথের ফোয়ারা, ব্রাহ্মণপাড়ার মানচিত্র, ভার্টিক্যাল গার্ডেনিং, স্বাগতম সাইন ও ল্যান্ডস্কেপিং | |
| ৩ | ডিজিটাল সাইনবোর্ড ও চারজন বিশিষ্ট ব্যক্তির ম্যুরাল | |
| ৪ | বীর মুক্তিযোদ্ধা চত্বর, ফোয়ারা | |
| | সর্বমোট | ৭০,০০,০০০/- |

সিদ্ধান্ত ঃ ক্রমিক ১ হতে ৪ পর্যন্ত অনুচ্ছেদ সমূহ সর্বমোট ৭০,০০,০০০/-( সত্তুর লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদন করা হয়। বাস্তবায়ন করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সদয় অনুমোদনের জন্য প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

| | | | |
|---|---|---|---|
| ০৪. | মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বৃহত্তর কুমিল্লা জেলা মৎস্য উন্নয়ন প্রকল্পের ডিপিপি তে অন্তর্ভূক্তির জন্য সরকারী খাস জলাশয়/সরকারী পুকুর খননযোগ্য পুকুরের তালিকা সংগ্রহের জন্য মিটিংএ উপস্থাপন করা হয়েছে। এছাড়া জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ এর শুভ উদ্বোধন হয়েছে ০৭ দিন ব্যাপী কার্যক্রম চলমান থাকবে। র‍্যালি, আলোচনা সভা, পোনা মাছ অবমুক্ত করন, প্রামাণ্য চিত্র প্রর্দশণী, মোবাইল কোর্ট পরিচালনা, মতবিনিময় কার্যক্রমগুলোর মধ্য দিয়ে ২৯ জুলাই-২০২২ তারিখে মৎস্য সপ্তাহের সমাপনি হবে। এছাড়া অফিসের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার জানান যে, অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | প্রাণি সম্পদ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র বিভাগের বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ড কাপ প্রাথমিক বিদ্যালয়ের ফুটবল ফাইনাল অত্যান্ত আনন্দঘন ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। পশ্চিম বেড়াখলা ও পূর্ব আহাদনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংযোগ রাস্তাটি জরুরী ভিত্তিতে নির্মাণ/পুনঃ নির্মাণ প্রয়োজন। জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর কর্তৃক নির্মিত ওয়াশ ব্লক সমূহ দ্রুত নির্মাণের জন্য প্রকৌশলী জনস্বাস্থ্য এর প্রতি অনুরোধ জানানো হয়। অত্র বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশক্রমে ও পরিকল্পনা মোতাবেক মাধ্যমিক শিক্ষা বিভাগের গুনগতমান উন্নয়নের জন্য শিক্ষা সম্মেলনের আয়োজন করা হয়েছে। কৈশোরকালীন পুষ্টি কার্যক্রমের আওতায় স্বাস্থ্য বিভাগের সহযোগিতায় সকল মেয়ে শিক্ষার্থীদের আয়রন ফলিক এসিড ট্যাবলেট খাওয়ানোর কার্যক্রম চলছে। কিছু ট্যাবলেটের স্বল্পতা রয়েছে। উপজেলা স্বাস্থ্য বিভাগের নিকট ট্যাবলেট চাওয়া হয়েছে। অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা |
| ০৮. | উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় এর উদ্যোগে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা সহ অন্যান্য ভাতা কার্যক্রমের ৪র্থ কিস্তির ভাতা প্রদান সফলভাবে সম্পন্ন হয়েছে। ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস সহ ৬টি রোগের ১৭টি আবেদন জমা হয়েছে। প্রতিবন্ধীতা শনাক্তকরণ কার্যক্রম চলমান। কার্যালয়ে জনসাধারনের সুবিধার জন্য নতুন ওয়াশ রুম স্থাপনের উদ্যোগ নেয়ার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়, ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা সমাজ সেবা, |
| ০৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, আশ্রয়ন-২ মুজিব শতবর্ষের একক গৃহ নির্মান প্রকল্পের কাজ ( ৩য় পর্যায়) চলমান আছে। অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন (বীর নিবাস) নির্মান প্রকল্পের ১ম পর্যায়ের ১০টি আবাসনের কাজ চলমান আছে। কাজের অগ্রগতি ৯০%। ২য় পর্যায় ১৬টি প্যাকেজে ১০৯টি আবাসনের কাজ চলমান অগ্রগতির হার ২০%। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভিজিডি ২০২১-২০২২ অর্থ বছরে জুন/২২ পর্যন্ত পুষ্টি চাউল বিতরণ সম্পন্ন হয়েছে। পরবর্তী জিও না পাওয়া পর্যন্ত ভিজিডির ডিও ইস্যু করা সম্ভব হচ্ছে না। জুন/২২ মাস পর্যন্ত ভিজিডি উপকারভোগীদের সঞ্চয় আদায় ৪২৯২০৩০/- টাকা। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা কর্মসূচি অত্র ব্রাহ্মণপাড়া উপজেলার ০৮টি ইউনিয়নের ১০৯৬ জন মাতৃত্বকাল ভাতাভোগী রয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষে ক্ষুদ্র ঋণ কর্মসূচি এ কার্যক্রমের আওতায় জুন/২০২২ মাসে সর্বমোট ৫১,৬৩৭/- টাকা আদায় হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের নতুন করে ৩৫ জনের মধ্যে ১৫,০০০/- টাকা সর্বমোট ৫,২৫,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। এছাড়া অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. | উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৩১৪৯ জনের মধ্যে খাবার বড়ি ১৭৩৭১ জন, কনডম ২৭৩৮ জন, ইনজেকশন ৫১৭৯ জন, আইইউডি ১৬২৭ জন, ইমপ্লান্ট-২৪২৩জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫৫৫জন এবং মহিলা ৪২৩৯জন, ইউনিয়নের মোট ৩৪১১২ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৯.০৬%। জুন/২২ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৫৩ জন।<br>মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৫৭২জন,চলতি মাসে নতুন গর্ভবতী ১৮৬ জন,গর্ভকালীন ৮৪১জন ও গর্ভোত্তর ৬৫১জনকে সেবা প্রদান করা হয়েছে।<br>পুষ্টি সেবা গর্ভবতী মা ও শিশু পুষ্টি সেবা ১৩০৫জন। সাধারন রোগী পুরুষ ৪৪০ জন, মহিলা ২৮৮৭ জন মোট ৩৩২৭জন কে সেবা প্রদান করা হয়।নব নির্মিত শিদলাই ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র গত ২১/০৭/২০২২ ইং তারিখে মাননীয় এডভোকেট আবুল হাসেম খান এমপি উদ্বোধন করেন এবং একই সাথে বিশ্ব জনসংখ্যা দিবস-২০২২ এর আনুষ্ঠানিক অনুষ্ঠানে উপস্থিত থেকে উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ কর্মীদের মধ্যে সনদপত্র, ক্রেস্ট ও পুরস্কার বিতরণ করেন। | | উপজেলা পরিবার পরিকল্পন া কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি মাসে ঋণ বিতরণ নাই, চলতি অর্থ বছরে এই পর্যন্ত ঋণ বিতরণ নাই, চলতি মাসে যুব ও যুব মহিলা বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ নাই। তিনি জানান বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষন কার্য শুরু করা হবে তিনি আরো জানান তাঁর অফিসের একটি কক্ষের ভিতরের ওয়ালের পলেস্তারা খসে পড়ছে উল্লেখিত ওয়ালের সংস্কার করার জন্য তিনি অনুরোধ জানান। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া পরির্দশন করে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবির আওতায় বিদ্যমান বিভিন্ন কর্মসূচীর আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে সুবিধাভোগী সদস্যদের নিকট হতে মেয়াদ সঞ্চয় আদায়ের মাধ্যমে ২১.৭৮ লক্ষ টাকা পুজিঁ গঠন সম্ভব হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে ৭৪৫ জন সুবিধা ভোগী সদস্যদের নামে ৫০০.২৫ লক্ষ ঋণ বিতরন করা হয়। বার্ষিক ঋণ বিতরন হার ৯৫% ।কন আদায় করা হয় ৪২৮.৭২ লক্ষ টাকা। কন আদায়ের গড় হার ৯৯%। বিদ্যমান খেলাপী ঋণ আদায় প্রশাসন সহ স্থানীয় জনপ্রতিনিধদের সহযোগীতা প্রদানের জন্য অনুরোধ করছি। | কঠোর মনিটরিং করে খেলাপী ঋণ আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন সমবায় কর্মকর্তা |
| ১৪. | পল্লী সঞ্চয় ব্যাংক : শাখা ব্যবস্থাপক, ব্রাহ্মণপাড়া জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের কন বিতরন ও আদায়ের লক্ষ্য মাত্রার চিঠি প্রধান কার্যালয় থেকে পাওয়া যায় নি। তবে এ মাসে কন আদায় ৯০ লক্ষ টাকা, ঋণ বিতরন ৮০ লক্ষ টাকা। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | সমন্বয়কারী এবাএখা |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় কর্মকর্তা ব্রাহ্মণপাড়া জানান যে, ২০২১-২০২২ সমবায় বর্ষের অডিট বরাদ্দের তালিকা জেলা সমবায় অফিস থেকে অনুমোদন হয়ে এসেছে। ২০২১-২০২২ অডিট বর্ষে নিরীক্ষা ফি এবং সমবায় উন্নয়ন তহবিল অনুমোদিত হয়েছে। কার্যকর ও অকার্যকর সমবায় সমিতির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরণ করা হয়েছে। জাতীয় সমবায় পুরস্কার-২০২১ এর জন্য ব্রাহ্মণপাড়া গ্রামীন জনকল্যাণ বহুমুখী সমবায় সমিতি লিঃ এর নাম প্রস্তাব প্রেরন করা হয়েছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের যাবতীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপ-সহকরী, জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৭.. | বন বিভাগঃ উপজেলা ফরেস্টার সভায় জানান যে, ব্রাহ্মণপাড়া অফিসার্স ক্লাবের নির্মাণ স্থলে ২৮ টি বিভিন্ন প্রজাতির গাছ কর্তনের জন্য সভায় উপস্থাপন করেন। এছাড়া অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | বিধি মোতাবেক গাছ কর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্ট রেঞ্জার, |
| ১৮ | পল্লী বিদ্যুৎঃ ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ ব্রাহ্মণপাড়া জোনাল অফিস সভায় জানান যে,পরিষদের আবাসিক ভবনের বিদ্যুৎ বিল ২০০৮ সালে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ জন্য সভায় দৃষ্টি আর্কষণ করেন। এছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস |
| ১৯ | বিবিধ আলোচনাঃ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| ক. | উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা জানান যে, বীর মুক্তিযোদ্ধাদের স্মৃতি সংরক্ষণের 'একাত্তরে ব্রাহ্মণপাড়া' জন্য প্রকাশনা বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা একটি প্রাক্কলন গ্রহণের জন্য সভায় উপস্থাপন করেন। | অনুমোদন করা হয় ও উপজেলা উন্নয় তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন, |
| খ. | শিক্ষা অফিসার, ব্রাহ্মণপাড়া জানান যে, নাইঘর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ০১টি ডেক্সটপ কম্পিউটার প্রয়োজন উপজেলা পরিষদ হতে ০১টি কম্পিউটার প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন।<br>উপজেলা পরিষদ অফিসের কম্পিউটার সিপিও কিছু দিন পর নষ্ট হয়ে যায় তাই ০১টি নতুন সিপিও ক্রয় করা প্রয়োজন । | অনুমোদিত নাইঘর সরঃ প্রাথঃ বিদ্যালয়ের ০১টি কম্পিউটার ও পরিষদের ০১টি সিপিও ক্রয় ১,০০,০০/- ও উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ |
| গ. | উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা জানান যে, উপজেলা পরিষদের কমপ্লেক্স এর ভিতরে ০২টি পুকুরে মৎস্য চাষে মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয় আগ্রহ প্রকাশ করেছেন । মর্মে সভায় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানকে ০২টি পুকুরের মাছ চাষে যাবতীয় দায়িত্ব পালনে প্রস্তাব করেন। | সভায় সর্বসম্মতিক্রমে মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়কে পুকুরের মাছ চাষে দায়িত্ব অর্পণ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিষদ |



২৭/০৭/২২

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম এ জাহের)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.২০.১৯১৫.০০০.০৬.০০২.২০২২-৩৭ (২৯) তারিখ:২৪/০৭/২০২২খ্রি.

অনুলিপি :

১. বীর মুক্তিযোদ্ধা আবুল হাসেম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৫,কুমিল্লা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩. কমিশনার , চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক,স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।

(১–৪) সদয় অবগতির জন্য।

৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৮. উপজেলা...............................................কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৯. চেয়ারম্যান...............................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।

(৭–৯) অবগতি ও কার্যার্থে

১০. অফিস নথি।

(সোহেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।

# সভা নং-৪০

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের আগস্ট /২০২২খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | এম এ জাহের<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । |
| সভার তারিখ | ঃ | ২৪/০৮/২০২২খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যদের তালিকা | ঃ | পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। বিগত সভার অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরনী পাঠ করা হয়। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরনী উপস্থাপন করা হয়। পাঠান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, হাসপাতালের প্রধান ফটকের নির্মাণ কাজ শুরু হয়েছে। হাসপাতালের প্রধান ফটকের সামনে রাস্তায় অটো রিক্সার কারনে প্রধান ফটকের যানজট লেগে থাকে জরুরী আসা যাওয়ার কারনে সমস্যা হচ্ছে। হাসপাতালে গত মাসে ৭৭৮ জন রোগী আন্ত বিভাগ, বহিঃ বিভাগে ৩৮৪০ জন ইমারজেন্সী তে ৮০০ জন রোগী সেবা গ্রহন করেছেন। এ মাসে প্রায় ৫৫০০০ টাকা সরকারী কোষাগারে জমা দেওয়া হয়েছে। এছাড়া হাসপাতাল এর অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় প্রনোদনা কর্মসূচীর আওতায় ৩০০ জন কৃষক/কৃষাণীর মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ করা হয়।<br>বর্তমানে অত্র উপজেলায় রোপা আউশ আবাদের লক্ষ্যমাত্রা ছিল ৪৮৪৫ হেঃ তারমধ্যে ৪৬৪০ হেক্টর জমিতে রোপা আউশ আবাদ হয়। | | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৩ | ক. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, গত মাসিক সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) আওতায় প্রকল্প প্রস্তাব দাখিল করার কথা থাকলেও মাধবপুর, দুলালপুর ও মালাপাড়া ইউনিয়ন পরিষদ ব্যাতিত আর কোন ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প প্রস্তাব পাওয়া যায়নি। | অতি দ্রুত প্রকল্প প্রস্তাব প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া |

খ. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল প্রকল্পের চূড়ান্ত তালিকা প্রর্দশনের কাজ চলমান রয়েছে।

| ক্রমিক নং | উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ |
|---|---|---|
| ১ | শশীদল আলহাজ্ব মুহাম্মদ আবু তাহের কলেজের বাউন্ডারী ওয়াল এর অসমাপ্ত কাজ সমাপ্ত করন। (আরএফকিউ) | ৮,০০,০০০/- |
| ২. | শশীদল আলহাজ্ব মুহাম্মদ আবু তাহের কলেজের টয়লেট নিমার্ণ করন (পিআইসি) | ২,০০,০০০/- |
| ৩. | ব্রাহ্মণপাড়া ভগবান সরকারি উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল সংস্কার (আরএফকিউ) | ১০,০০,০০০/- |
| ৪. | ব্রাহ্মণপাড়া ইউআরসি অফিসের একটি টয়লেট নির্মাণ ও আসবাবপত্র সরবরাহ (পিআইসি) | ২,০০,০০০/- |
| ৫. | সমাজসেবা অফিস মেরামত (পিআইসি) | ২,০০,০০০/- |
| ৬. | চান্দলা বেগ বাড়ীর কবরস্থান উন্নয়ন (১,৬০,০০০/-) (পিআইসি)<br>ও চান্দলা গোলাম জিলানীর বাড়ীর রাস্তা সংস্কার করন (৪০,০০০/-) | ২,০০,০০০/- |
| ৭. | নাগাইশ সরকার বাড়ী কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ (পিআইসি) | ২,০০,০০০/- |

সিদ্ধান্তঃ স্কীম অনুমোদন করা হয় ও প্রাক্কলন প্রস্তুত করে আরএফকিউ ও পিআইসি কমিটির মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr>
<td></td>
<td colspan="2">গ. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের অভ্যান্তরীন রাস্তা সংস্কার, অফিস ভবন মেরামত ও উপজেলা পরিষদেও বাউন্ডারী ওয়াল সংস্কার কাজের জন্য ০৫টি প্রকল্প প্রস্তাব দাখিল করেন।
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr>
<tr><td>১</td><td>ব্রাহ্মণপাড়া উপজেলার সীমানা প্রাচীরের অসমাপ্ত অংশ সমাপ্তকরণ ও পুরাতন সীমানা প্রাচীর সংস্কার</td><td>৮,০০,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>অফিসার্স ক্লাবের ভবন সম্প্রারণ</td><td>১৮,০০,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>উপজেলা পরিষদের মূল ফটক সংস্কার</td><td>১০,০০,০০০/-</td></tr>
<tr><td>৪</td><td>উপজেলা পরিষদের ০১টি পুকরঘাটের সংস্কার</td><td>৪,০০,০০০/-</td></tr>
<tr><td>৫</td><td>উপজেলা পরিষদের অভ্যান্তরে রাস্তা সংস্কার</td><td>১৮,০০,০০০/-</td></tr>
<tr><td></td><td>সর্বমোট</td><td>৫৮,০০,০০০/-</td></tr>
</table>
সিদ্ধান্ত : ক্রমিক ১ হতে ৫ পর্যন্ত অনুচ্ছেদ সমূহ সর্বমোট ৫৮,০০,০০০/-( আটান্ন লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদন করা হয়। উপরোক্ত প্রকল্পসমূহ ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) হতে বাস্তবায়ন করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সদয় অনুমোদনের জন্য প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশল, ব্রাহ্মণপাড়া</td>
</tr>
<tr>
<td>০৪.</td>
<td>মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জেলে নিবন্ধন কার্যক্রম এর যাচাই বাছাই কমিটির সভা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে ও যাচাই বাছাই কার্যক্রম চলমান রয়েছে। পোনা অবমুক্তকরনের বাজেট পাওয়া গিয়েছে। এছাড়া অফিসের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td>
<td></td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৫.</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, গবাদি প্রাণি কৃত্রিম প্রজনন করা হয়েছে ১১৬৫টি, গবাদিপশুকে টিকা প্রদান ৩৩১০টি, হাঁস-মুরগীকে টিকা প্রদান ১৫১০০টি, গবাদিপশুকে চিকিৎসা প্রদান ১২৩০টি,হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান ১২৫০০টি, এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td>
<td></td>
<td>প্রাণি সম্পদ কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৬.</td>
<td>শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন করা হয়েছে। উপজেলায় বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ ৫টি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করছেন। প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় দিক নির্দেশনা দেওয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের উদ্যোগে দরিদ্র শিক্ষার্থীদের মাঝে খাতা,কলম ও পোষাক বিতরণ করা মিডডে মিল চালু, ৪টি বিদ্যালয়ে লাইব্রেরী স্থাপন, ৫টি বিদ্যালয়ে শহীদ মিনার নির্মাণ। ৪টি বিদ্যালয়ে ৪টি শ্রেণী কক্ষ নির্মাণ, ১১টি বিদ্যালয়ে বেঞ্চ প্রদান এবং ১০৮টি প্রাথমিক বিদ্যালয়ে ফুটবল বিতরন করা হয়। অত্র বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td></td>
<td>উপজেলা শিক্ষা কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৭.</td>
<td>মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, আগামী ১৫ সেপ্টেম্বর তারিখ হতে এসএসসি, দাখিল ও কারিগরী পরীক্ষা ১২টি কেন্দ্রে শুরু হবে।<br>ডিগ্রি পরীক্ষা ০৬/০৯/২০২২ খ্রি. তারিখে ০২টি কেন্দ্রে শুরু হবে। শিক্ষা প্রতিষ্ঠান সপ্তাহে ৫ দিন চলবে সকাল ১০.০০ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত প্রতিষ্ঠানে ক্লাস চলবে। অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে।</td>
<td></td>
<td>উপজেলা মাধ্যমিক কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>০৮.</td>
<td>উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয় এর উদ্যোগে প্রতিবন্ধী শনাক্তকরণ কার্যক্রম চলমান উক্ত কার্যক্রমের মাধ্যমে প্রতিবন্ধী আইডি সংগ্রহ করে প্রতিবন্ধী ভাতার আবেদন করবেন ১০ সেপ্টেম্বর,২০২২ পর্যন্ত। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে।</td>
<td></td>
<td>উপজেলা সমাজ সেবা,</td>
</tr>
<tr>
<td>০৯.</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, আশ্রয়ন-২ মুজিব শতবর্ষের একক গৃহ নির্মান প্রকল্পের কাজ ( ৩য় পর্যায়) চলমান আছে।<br>অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন (বীর নিবাস) নির্মান প্রকল্পের ১ম পর্যায়ের ১০টি আবাসনের কাজ চলমান আছে। কাজের অগ্রগতি ৯০%। ২য় পর্যায় ১৬টি প্যাকেজে ১০৯টি আবাসনের কাজ চলমান অগ্রগতির হার ২০%। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে।</td>
<td></td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভিজিডি ২০২১-২০২২ অর্থ বছরে জুলাই/২২ পর্যন্ত পুষ্টি চাউল বিতরণ সম্পন্ন হয়েছে। পরবর্তী জিও না পাওয়া পর্যন্ত ভিজিডির ডিও ইস্যু করা সম্ভব হচ্ছে না। জুলাই/২২ মাস পর্যন্ত ভিজিডি উপকারভোগীদের সঞ্চয় আদায় ৪২৯২০৩০/- টাকা। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা কর্মসূচি অত্র ব্রাহ্মণপাড়া উপজেলার ০৮টি ইউনিয়নের ১০৯৬ জন মাতৃত্বকাল ভাতাভোগী রয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষে ক্ষুদ্র ঋণ কর্মসূচি এ কার্যক্রমের আওতায় জুন/২০২২ মাসে সর্বমোট ৫১,৬৩৭/- টাকা আদায় হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের নতুন করে ৩৫ জনের মধ্যে ১৫,০০০/- টাকা সর্বমোট ৫,২৫,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। এছাড়া অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. | উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৩২১৮ জনের মধ্যে খাবার বড়ি ১৭৩৯৩ জন, কনডম ২৭১৯ জন, ইনজেকশন ৫১৯৩ জন, আইইউডি ১৬২৬ জন, ইমপ্লান্ট-২৪৫০জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫৫৬ জন এবং মহিলা ৪২৩৭ জন, ইউনিয়নের মোট ৩৪১৭৪ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৯.০৭%। জুলাই/২২ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৪৬ জন।<br>মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৫৮৩ জন,চলতি মাসে নতুন গর্ভবতী ১৫৯ জন,গর্ভকালীন ৬৯৮জন ও গর্ভোত্তর ৪৮৫জনকে সেবা প্রদান করা হয়েছে। পুষ্টি সেবা গর্ভবতী মা ও শিশু পুষ্টি সেবা ১০৫০ জন। সাধারন রোগী পুরুষ ৩৯৯ জন, মহিলা ২৪০৪ জন মোট ২৮০৩জন কে সেবা প্রদান করা হয়।<br>তিনি আরো জানান যে, উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী/ উপজেলা উন্নয়ন তহবিল হতে নিম্নোক্ত ০৩টি স্কীম বাস্তবায়নের জন্য উপস্থাপন করেন।<br>ক.শিদলাই ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সামনের গর্তের মাটি ভরাট করন।<br>খ. সাহেবাবাদ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সামনের গর্তের মাটি ভরাট করন।<br>গ. সাহেবাবাদ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে মূল সড়ক পর্যন্ত রাস্তায় ইটের সলিং করন। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি মাসে ঋণ বিতরণ ১২,৬০,০০০/-, চলতি মাসে প্রশিক্ষণ নাই।<br>এছাড়া তিনি আরো জানান যে,উপজেলার পরিষদের মাধ্যমে যুব ও যুবমহিলাদের মধ্যে গ্রাফিক ডিজাইন, ওয়েব ডিজাইন, ডিজিটাল মার্কেট বিষয়ে প্রশিক্ষণ প্রদান জন্য সভায় উপস্থাপন করেন। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | অনুমোদন করা হয় ও উপজেলা রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- টাকা দিয়ে প্রশিক্ষণ ব্যয় করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলায় বিআরডিবি কর্তৃক বিভিন্ন প্রকল্প/কর্মসূচীর আওতায় চলতি অর্থ বছরে ৪৮০.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে এ যাবৎ ৩৯.০২ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। ঋণ আদায়ের গড় হার ৯৯%, বিদ্যমান খেলাপী ঋণ আদায়ের জন্য মাঠ পর্যায়ে প্রচেষ্টা অব্যাহত আছে। তাছাড়া দীর্ঘমেয়াদী খেলাপী ঋণ আদায় ত্বরানিত করার স্বার্থে ৩০ জুন/২০১০ এর পূর্বে ঋণ খেলাপী সদস্যদের অতিরিক্ত সেবামূল্য মওকুফ করার ক্ষেত্রে তাদের বিদ্যমান বকেয়া আসল ও গৃহিত ঋণের ১ বছরের সেবা মূল্য পরিশোধ করা হলে অতিরিক্ত সেবামূল্য মওকুফের সুযোগ রেখে নীতিমালা জারী হয়েছে। এবিষয়টি সংশ্লিষ্ট খেলাপী সদস্যদের অবহিতকরন সহ প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের জন্য স্থানীয় ইউপি চেয়ারম্যানগণের অনুরোধ করছি। | কঠোর মনিটরিং করে খেলাপী ঋণ আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন সমবায় কর্মকর্তা |
| ১৪. | পল্লী সঞ্চয় ব্যাংক : শাখা ব্যবস্থাপক, ব্রাহ্মণপাড়া জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক আছে। | | সমন্বয়কারী |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা ব্রাহ্মণপাড়া জানান যে, বরাদ্দ অনুযায়ী ২০২১-২০২২ অডিট কার্যক্রম চলমান আছে। অডিট ফি এবং সিডিএফ ৮০% আদায় করা হয়েছে। কার্যকর ও অকার্যকর সমবায় সমিতির তালিকা হালনাগাদ করা হয়েছে। নির্বাচনী ক্যালেন্ডার প্রণয়ন পূর্বক উর্ধ্বতন অফিসে প্রেরণ করা হয়েছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, সমগ্র দেশের নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে ১৮টি সাব-সার্জিবল পাম্প যুক্ত গভীর নলকূপের মধ্যে ০৮টি গভীর নলকূপের স্থাপন কাজ সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট কাজ চলমান রয়েছে। এছাড়া অত্র দপ্তরের যাবতীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপ-সহকারী, জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ১৭.. | বন বিভাগ: উপজেলা ফরেস্টার সভায় জানান যে, অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | ফরেস্ট রেঞ্জার, |

| | | | |
|---|---|---|---|
| | পল্লী বিদ্যুৎঃ ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ ব্রাহ্মণপাড়া জোনাল অফিস সভায় জানান যে,পরিষদের আবাসিক ভবনের বিদ্যুৎ বিল ২০০৮ সালে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ জন্য সভায় দৃষ্টি আর্কষণ করেন। এছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস |
| | বিবিধ আলোচনাঃ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ব্রাহ্মণপাড়া জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন উন্নয়ন কার্য পরিচালনার জন্য ০১টি উন্নতমানের ডিএসলার ক্যামেরা ক্রয় করার জন্য সভায় প্রস্তাব করেন। | ৮০,০০০/- টাকা অনুমোদন করা হয় ও উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, |
| | চেয়ারম্যান, সাহেবাবাদ ও চেয়ারম্যান মাধবপুর ইউনিয়ন পরিষদ জানান যে, কুমিল্লা হয়ে ব্রাহ্মণপাড়া মিরপুর সড়কে দিনের বেলা বড় ট্রাক/গাড়ী গুলো চলাচলের কারণে ব্রাহ্মণপাড়া ও সাহেবাবাদ বাজার এলাকায় দিনের বেলা যানজট দেখা দেয়। তাই ব্রাহ্মণপাড়া সীমানায় দরিয়ারপাড় ও মিরপুর রাস্তায় বড় গাড়ীগুলো দিনের বেলায় যেন না ঢুকতে পারে দরিয়ারপাড় (১ জন লোক) ও মিরপুর (১ জন লোক) নিয়োগ দিয়ে বড় গাড়ী চলাচল বন্ধ করলে উপজেলা বাসী যানজট হতে রক্ষা পাবে এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মিরপুর ও দড়িয়ারপাড় রাস্তায় বড়গাড়ী/ বড় ট্রাক দিনের বেলায় ব্রাহ্মণপাড়া ঢুকতে না দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন, ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোনঃ ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.২০.১৯১৫.০০০.০৬.০০২.২০২২-৪৭ (২৯)          তারিখঃ ২৪/০৮/২০২২খ্রি.

অনুলিপি :

১. বীর মুক্তিযোদ্ধা আবুল হাসেম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৫ ,কুমিল্লা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩. কমিশনার , চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক,স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।

(১–৪) সদয় অবগতির জন্য।

৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৮. উপজেলা.....................................................কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৯. চেয়ারম্যান.................................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।

(৭–৯) অবগতি ও কার্যার্থে

১০. অফিস নথি।

(সোহেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।

# সভা নং-৪১

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের সেপ্টেম্বর /২০২২খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : এম এ জাহের
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।
সভার তারিখ : ২৯/০৯/২০২২খ্রিঃ সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। বিগত সভার অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী পাঠ করা হয়। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। পাঠান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

<table>
<tr><th>ক্র,নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১.</td><td>স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, হাসপাতালের প্রধান ফটকের নির্মাণ কাজ শেষ হয়েছে। গত মাসে হাসপাতালের জরুরী বিভাগ হতে চিকিৎসা নেন ১১১৫ জন, আন্ত বিভাগে চিকিৎসা নেন ৭৪৫ জন ও বহিঃ বিভাগে ৩৫০৪ জন ইমার্জেন্সী তে ৭৮৯ জন রোগী সেবা গ্রহন করেছেন। হাসপাতালে উন্নত স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে কাজ করা হচ্ছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া জানান যে, হাসপাতাল পরিচালনার কমিটির গত সভায় হাসপাতালের খাবারের ম্যানু/ তালিকা নিয়ে অসন্তোষ প্রকাশ করা হয় ও বিস্তারিত আলোচনা হয়।</td><td>অতিদ্রুত হাসপাতালের খাবারের তালিকা নোটিশ আকারে প্রকাশ ও তা তদারকির জন্য কৃষি কর্মকর্তা কে আহবায়ক করে ০৩ সদস্যের গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা</td></tr>
<tr><td>০২.</td><td>কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় প্রনোদনা কর্মসূচীর আওতায় ৩০০ জন কৃষক/কৃষাণীর মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ করা হয়।<br>বর্তমানে অত্র উপজেলায় রোপা আউশ আবাদের লক্ষ্যমাত্রা ছিল ৪৮৪৫ হেঃ তারমধ্যে ৪৬৪০ হেক্টর জমিতে রোপা আউশ আবাদ হয়।</td><td></td><td>উপজেলা কৃষি কর্মকর্তা</td></tr>
<tr><td></td><td colspan="2">ক. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিল প্রকল্পের চূড়ান্ত তালিকা প্রর্দশনের কাজ চলমান রয়েছে।
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr>
<tr><td>১</td><td>শেয়মকাড়া জিন্নতিয়া দাখিল মাদরাসা সীমানা প্রাচীর ও ক্লাসরুম উন্নয়ন</td><td>২,০০,০০০/- (pic)</td></tr>
<tr><td>২.</td><td>উত্তর চান্দলা বারুক মিয়া বাড়ীর কবরস্থান ও ঈদগাহ রাস্তায় ফুট ব্রীজ নির্মাণ</td><td>২,০০,০০০/- (pic)</td></tr>
<tr><td>৩.</td><td>সাহেবাবাদ ডিগ্রী কলেজ বঙ্গবন্ধু এর মূরাল নির্মাণ</td><td>৬,৫০,০০০/- (Tender)</td></tr>
<tr><td>৪.</td><td>শশীদল আলহাজ্ব আবু তাহের কলেজ বঙ্গবন্ধু এর মূরাল নির্মাণ</td><td>৬,৫০,০০০/-(Tender)</td></tr>
<tr><td>৫.</td><td>শশীদল মোঃ এনামুল হক ভিপি মহোদয়ের বাড়ীর রাস্তা প্রস্থ করন ও রাস্তায় প্রটেকট্রিভ ওয়াল নির্মাণ করন</td><td>৯,৯৫,৩৯৮/-(RFQ)</td></tr>
<tr><td>৬.</td><td>ক. শশীদল রেল স্টেশন হতে আবুল কাশেম মাস্টার বাড়ী রাস্তা হতে আশাবাড়ী রাস্তা সলিং করন<br>খ. শশীদল রেল স্টেশন হতে আবুল কাশেম মাস্টার বাড়ী রাস্তা হয়ে আশাবাড়ী রাস্তা সলিং করন</td><td>৮,৫৯,৫৭২/- (RFQ)<br>৯,৫৪,৩১৩/- (RFQ)</td></tr>
<tr><td>৭.</td><td>ক. টাকই কাজী বাড়ী হতে বড় মসজিদ রাস্তা সংস্কার ও কার্পেটিং<br>খ. টাকই কাজী বাড়ী হতে বড় মসজিদ রাস্তা সংস্কার ও কার্পেটি</td><td>৯,৮২,৪৮২/-(RFQ)<br>৫,৬৭,০৯০/- (RFQ)</td></tr>
</table>
সিদ্ধান্তঃ স্কীম অনুমোদন করা হয় পিআইসি, আরএফকিউ ও দরপত্রের মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td></td><td colspan="2">খ. উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান এর টয়লেট মেরামত ৫০,০০০/- এর প্রাক্কলন উপস্থাপন করেন।<br>গ. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, দরিয়ারপাড় ও মীরপুর নামক স্থানে ভারী যানবাহন চলাচল নিয়ন্ত্রণে নির্মিত লোহার গেইটে রংকরণে জন্য ১১,৫০০/- (এগার হাজার পাঁচশত) টাকার বিল ভাউচার দাখিল করেন।<br>ঘ. উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের নতুন ০১টি রুম নির্মাণ ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা প্রাক্কলন উপস্থাপন করেন।<br>সিদ্ধান্তঃ খ, গ ও ঘ অনুমোদন করা হয় ও উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশল, ব্রাহ্মণপাড়া</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৪. | মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২৮৫ জন নতুন মৎস্যজীবি তালিকা উপজেলা নির্বাহী অফিসার মহোদয় অনুমোদন করেছেন।<br>৩২২.৫৬ কেজি পোনা ব্রাহ্মণপাড়া উপজেলার ৬টি জলাশয়ে অবমুক্ত করা হয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসারের চিঠির প্রেক্ষিতে ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়েছে। এছাড়া অফিসের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, গবাদি প্রাণি কৃত্রিম প্রজনন করা হয়েছে ১০৬৩টি, গবাদিপশুকে টিকা প্রদান ৪২৬৩টি, হাঁস-মুরগীকে টিকা প্রদান ৩২২০০টি, গবাদিপশুকে চিকিৎসা প্রদান ১২৬৩ টি,হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান ১১০০০টি, মাসিক দুধ উৎপাদন(মে:টন☺ ১৫৫৩ মে.টন, মাসিক ডিম উৎপাদন(কোটি) ০.১৮০১২ কোটি। | | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৩০/০৯/২০২২ ইং তারিখ হতে ০৯/১০/২০২২ ইং তারিখ পর্যন্ত দূর্গাপূজা ও ঈদ ই মিলাদুন্নবী উপলক্ষ্যে বিদ্যালয় বন্ধ থাকবে। বঙ্গমাতা গোল্ডকাপ প্রতিযোগীতায় দুলালপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় জেলা পর্যায়ে রানা আপ হয়েছে। শিক্ষকগণের অনলাইনে বদলীর কার্যক্রম চলছে। অত্র বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২২ সালের এস.এস.সি, দাখিল, এস.এস.সি ভকেশনাল কারিগরী পরীক্ষা চলমান। সুষ্ঠ সুন্দও ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। শেখ রাসেল কুইজ প্রতিযোগিতার জন্য অত্র উপজেলার ১৭,৪৯৬ জন শিক্ষার্থী রেজিষ্ট্রেশন সম্পন্ন করেছেন। আগামী ৩০/০৯/২০২২ এবং ০১/১০/২০২২তারিখ ক ও খ গ্রুপের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা |
| ০৮. | উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের বয়স্ক,বিধবা ও স্বামী নিগৃহীতা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার প্রথম কিস্তির ভাতা পে-রোল অক্টোবর মাসের ০৭ তারিখ থেকে প্রেরণ শুরু হবে। স্বেচ্ছাসেবী ০৭ প্রতিষ্ঠানের অনুকূলে চেক পাওয়া গেছে।রোগী কল্যাণ সমিতি হতে দুস্থ ও অসহায় রোগীদের বিনামূল্যে ঔষধ বিতরণ চালু আছে।এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা সমাজ সেবা, |
| ০৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সর্ম্পকে কিছু জানা যায়নি। | | |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে। অধিদপ্তর কর্তৃক ০৩ জন আবৃত্তি শিক্ষক ও ১জন জেন্ডার প্রোমোটার নিয়োগপ্রাপ্ত হয়ে সেপ্টেম্বর মাসে অত্র কার্যালয়ে যোগদান করেছে। আবৃত্তি ও সঙ্গীতের পাশাপাশি ক্যারাতে প্রশিক্ষকের মাধ্যমে ক্যারাতে প্রশিক্ষণ চলমান রয়েছে। বর্তমান মাস হতে নাস্তা ব্যতীত ক্লাব চালু রাখতে হবে।<br>আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় বিউটিফিকেশন এবং ফ্যাশনডিজাইন ট্রেডের ১৭তম ব্যাচের (অক্টোবর-ডিসেম্বর/২০২২) প্রশিক্ষণ কার্যক্রম অক্টোবর ০২ তারিখ থেকে শুরু হবে। ফ্যাশন ডিজাইন এর প্রশিক্ষক মাতৃত্বকাল ছুটি কাটিয়ে ২২ সেপ্টেম্বর/২০২২ ইং তারিখে যোগদান করে। জয়িতা অন্বেষন বাংলাদেশ শীর্ষক কর্মসূচীর আওতায় ৫ ক্যাটাগরিতে ০৫ জন জয়ীতার নামের তালিকা চেয়ে ৮টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট পত্র প্রেরণ করা হয়েছে। | | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. | উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৪৩৩ জনের মধ্যে খাবার বড়ি ১৭৩৮ জন, কনডম ২৫৬ জন, ইনজেকশন ৬৪৩ জন, আইইউডি ১৩১ জন, ইমপ্লান্ট-১৮১জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৭৬ জন এবং মহিলা ৪৬৮ জন, ইউনিয়নের মোট ৩৪৯৩ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর-৭৯.০৭%। জুলাই/২২ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৪৬ জন। মাতৃস্বাস্থ্য মোট গর্ভবতীর সংখ্যা ১৪১ জন,চলতি মাসে নতুন গর্ভবতী ১৯ জন,গর্ভকালীন ৪৭জন ও গর্ভোত্তর ২৯জনকে সেবা প্রদান করা হয়েছে। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি মাসে ঋণ বিতরণ নাই, চলতি মাসে প্রশিক্ষণ নাই। এছাড়া তিনি আরো জানান যে,উপজেলার পরিষদের মাধ্যমে যুব ও যুবমহিলাদের মধ্যে গ্রাফিক ডিজাইন, ওয়েব ডিজাইন, ডিজিটাল মার্কেট বিষয়ে প্রশিক্ষণ প্রদান করার জন্য প্রশিক্ষনার্থী বাছাই কাজ সম্পন্ন হয়েছে। অনতি বিলম্বে প্রশিক্ষণ শুরু হবে তিনি সভায় জানান। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কে কিছু জানা যায়নি। | | |
| ১৪. | পল্লী সঞ্চয় ব্যাংক : শাখা ব্যবস্থাপক, ব্রাহ্মণপাড়া জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা ১৫.১৬ কোটি ১৬ লক্ষ টাকা, বিতরন ৩ কোটি ৮ লক্ষ টাকা, আদায়ের লক্ষ্যমাত্রা ১৪.১৫ কোটি ১৬ লক্ষ টাক,া আদায় ৩২৫ কোটি ২৫ লক্ষ টাকা সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ১ কোটি টাকা আদায় ১৭ লক্ষ টাকা। | | সমন্বয়কারী এবাএখা |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা ব্রাহ্মণপাড়া জানান যে, সমবায় সমিতির অডিট ১০টি, নির্বাচনী, ক্যালেন্ডার অনুযায়ী নির্বাচন সম্পন্ন করা হয়েছে। ৭৮% অডিট শেষ এবং সিডিএফ আদায় করা হয়েছে। অডিট সম্পন্ন সমিতিগুলো তাদের এজিএম সম্পন্ন করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে কিছু জানা যায়নি। | | |
| ১৭.. | বন বিভাগ: ফরেস্টার সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে কিছু জানা যায়নি। | | ফরেস্ট রেঞ্জার, |
| ১৮ | পল্লী বিদ্যুৎঃ ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ ব্রাহ্মণপাড়া জোনাল অফিস সভায় জানান যে,পরিষদের আবাসিক ভবনের বিদ্যুৎ বিল ২০০৮ সালে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ জন্য সভায় দৃষ্টি আর্কষণ করেন। এছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস |
| ১৯ | বিবিধ আলোচনাঃ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম এ কাহের)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.২০.১৯১৫.০০০.০৬.০০২.২০২২-৫২ (২৯)　　　　তারিখ: ২৯/০৯/২০২২খ্রি.

অনুলিপি :

১. জনাব আবুল হাসেম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৫,কুমিল্লা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩. কমিশনার , চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক,স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।

(১–৪: সদয় অবগতির জন্য।)

৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৮. উপজেলা.........................................................কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৯. চেয়ারম্যান.......................................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।

(৭–৯: অবগতি ও কার্যার্থে)

১০. অফিস নথি।

(সোহেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।

# সভা নং-৪২

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের অক্টোবর /২০২২খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : এম এ জাহের
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা ।
সভার তারিখ : ২৭/১০/২০২২খ্রি: সময় : সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "খ"।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। বিগত সভার অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরনী পাঠ করা হয়। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরনী উপস্থাপন করা হয়। পাঠান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় প্রধানগণের আলোচনা:

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে কিছু জানা যায়নি। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ঘূর্নিঝড় সিত্রাং এর কারণে আমন ০.৩ হেক্টর ক্ষতিগ্রস্থ হয়েছে। খরিপ-২ ও রবি শাক-সবজি ক্ষতিগ্রস্থ হয়েছে ১.৭১ হেক্টর, প্রনোদনা বিগত বছরে একবার যাদের দেওয়া হয়েছে তাদের আর দ্বিতীয়বার প্রনোদনায় অন্তর্ভুক্ত না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৩ | উপজেলা প্রকৌশলী জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলার জনগুরুত্বপূর্ণ রাস্তা খুবই ঝুকিপূর্ণ/ চলাচলের অনুপযোগী অবস্থায় রয়েছে তা ইটের আধলা/ রাবিশ দিয়ে মেরামত করার জন্য উপজেলা উন্নয়ন তহবিল হতে নিম্নে উল্লেখিত স্কীম সমূহ:<br>ক.আশাবাড়ি সুরুজ মিয়ার নতুন বাড়ী হতে আশাবাড়ি উত্তরপাড়া দিঘীরপাড় ফরিদ মিয়ার বাড়ী রাস্তা গর্ত মেরামত ১,০০,০০০/- (এক লক্ষ)টাকা রাস্তা মেরামত করনে প্রাক্কলন উপস্থাপন করেন।<br>খ. চান্দলা চারিপাড়া সোনামিয়া হাজীর বাড়ী থেকে সুলতান সর্দারের বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত ৪৭,০০০/-( সাত চল্লিশ হাজার) টাকার প্রাক্কলন উপস্থাপন।<br>গ. জনাব আবদুল কুদ্দুছ, মেম্বার ৩ নং ওয়ার্ড, শশীদল ইউনিয়ন পরিষদ এর আবেদনের প্রেক্ষিতে বড়ধুশিয়া হতে নাগাইশ সীমানা পর্যন্ত রাস্তায় ইটের আধলা/ রাবিশ দিয়ে মেরামত কাজ সমাপ্ত করেন ২৫,০০০/- (পচিঁশ হাজার) টাকা।<br>ঘ. জনাব আবু জাহের,গ্রাম নগরপাড়, সাহেবাবাদ ইউনিয়ন পরিষদ এর আবেদনের প্রেক্ষিতে সাহেবাবাদ ইউনিয়ন পরিষদ হতে নগরপাড় পর্যন্ত রাস্তায় ইটের আধলা/ রাবিশ দিয়ে মেরামত কাজ সমাপ্ত করেন ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা। | অনুমোদন করা হয় ও উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া |
| ০৪. | মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ৭ অক্টোবর ২০২২ হতে ২৮ অক্টোবর ২০২২ পর্যন্ত মোট ২২ দিন প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ ধরা, আহরন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয়, সম্পূর্ণ নিষিদ্ধ এই সময় ব্রাহ্মণপাড়া উপজেলায় বিভিন্ন বাজার পরিদর্শন ও অভিযান পরিচালনা করা হয়। এই সময় কোন ইলিশ পাওয়া যায়নি। এছাড়া অফিসের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি প্রাণি কৃত্রিম প্রজনন করা হয়েছে ১০৪৩টি, গবাদিপশুকে টিকা প্রদান ৩৪০০টি, হাঁস-মুরগীকে টিকা প্রদান ৩২২০০টি, গবাদিপশুকে চিকিৎসা প্রদান ১৮০০ টি,হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান ১১০০০টি, মাসিক দুধ উৎপাদন(মে:টন) ১৫৫৩ মে.টন, মাসিক ডিম উৎপাদন(কোটি) ০.১৮০১২ কোটি। | | প্রাণি সম্পদ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| .. | শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার ৬+ হতে ১২+ বয়সের শিক্ষার্থীদের মাঝে উপজেলা স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে কেন্দ্রভিত্তিক টিকা দান কার্যক্রম চলছে। আগামী ২২ নভেম্বর/২০২২ তারিখ ৩য় ও ৫ম শ্রেণীর শিক্ষার্থীদের মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় কিন্ডারগার্ডেন স্কুলগুলোর শিক্ষার্থীগণ ও অংশ নেবে। সকল শিক্ষার্থীর অংশগ্রহণ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। অত্র বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২২ সালের এইচ.এস.সি/ আলীম/ বিএম শাখার পরীক্ষা আগামী ০৬/১১/২০২২ তারিখ থেকে শুরু হবে। সকল প্রকার প্রস্তুতি সুন্দরভাবে নেয়া হয়েছে। অত্র অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা |
| ০৮. | উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের বয়ষ্ক,বিধবা ও স্বামী নিগৃহীতা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার প্রথম কিস্তির ভাতা পে-রোল নগদের অ্যাপসের মাধ্যমে প্রদান শুরু হয়েছে। ০৭টি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের অনুকূলে চেক বিতরণ সম্পন্ন হয়েছে এবং নতুন করে চুক্তিপত্র সম্পন্ন হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার নতুন বরাদ্দ প্রক্রিয়াধীন আছে। রোগী কল্যাণ সমিতি হতে দুস্থ ও অসহায় রোগীদের মাঝে বিনামূল্যে ঔষধ অন্যান্য সেবা প্রদান বিদ্যমান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা সমাজ সেবা, |
| ০৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ১ম পর্যায়ের কাবিখা-কাবিটা, টিআর (সাধারন) বরাদ্দের প্রকল্প তালিকা অনুমোদনের জন্য জেলা প্রশাসক এর অনুকূলে প্রেরণ করতে হবে।<br>২০২২-২০২৩ অর্থ বছরে ১ম পর্যায়ের বিশেষ বরাদ্দের প্রকল্প তালিকা এখন পাওয়া যায়নি। ঘূর্ণিঝড় "সিত্রাং" এর ক্ষয়ক্ষতির বিস্তারিত তথ্য " ডি ফরম" আকারে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। | | |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভারনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের ২০২১-২০২২ চক্রের অক্টোবর/২০২২ ইং মাসের ভিও দেওয়া হয়েছে। সেপ্টেম্বর/২০২২ মাস পর্যন্ত ভিজিডি উপকারভোগীদের সঞ্চয় আদায় ৪৯,৯৮,৮১০/- টাকা।<br>জয়িতা অন্বেষনে বাংলাদেশ শীর্ষক কর্মসূচী অদ্যাবধি কোন ইউনিয়ন হতে জয়িতার তালিকা পাওয়া যায়নি। | | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. | উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৩৩৩৪ জনের মধ্যে খাবার বড়ি ১৭৪২৭ জন, কনডম ২৭১৩ জন, ইনজেকশন ৫১৯১ জন, আইইউডি ১৬১৯ জন, ইমপ্লান্ট-২৫০৫জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫৬৬ জন এবং মহিলা ৪২০২ জন, ইউনিয়নের মোট ৩৪২২৩ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর ৭৮.৯৭%। সেপ্টেম্বর/২২ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৫৫ জন। মাতৃস্বাস্থ্য মোট গর্ভকালীন সংখ্যা ৭২৫ জন,চলতি মাসে নতুন গর্ভবতীর ৫২২ জনকে সেবা প্রদান করা হয়েছে। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলতি মাসে ঋণ বিতরণ নাই, চলতি মাসে প্রশিক্ষণ নাই। এছাড়া তিনি আরো জানান যে,উপজেলার পরিষদের মাধ্যমে যুব ও যুবমহিলাদের মধ্যে গ্রাফিক ডিজাইন, ওয়েব ডিজাইন, ডিজিটাল মার্কেট বিষয়ে প্রশিক্ষণ প্রদান কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এ উপজেলায় বাস্তবায়নাধীন প্রকল্প/ কর্মসূচীর মাধ্যমে চলতি অর্থ বছরে ৪৮০.৮০ লক্ষ টাকা ঋণ বিতরনের লক্ষ্যমাত্রার বিপরীতে এ যাবৎ ২১১ জন সদস্যদের মাঝে ১২৭.৫০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। ঋণ বিতরণ হার বার্ষিক ২৬%। বার্ষিক ঋণ আদায়ের হার ৭২%। বার্ষিক পুঁজি গঠন ৬২২ লক্ষ টাকা। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। চলতি অর্থ বছরে সমবায়ীদের প্রশিক্ষণ খাতে কোন অর্থ ব্যবস্থাপনায় সমবায়ীদের বিভিন্ন আয় বর্ধন মূলক কর্মকান্ডে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার অনুরোধ জানান।<br>তাছাড়া বিআরডিবি'র অফিস ভবনের পার্শ্বে ৪/৫টি কাঠের গাছের ডালপালা অধিকাংশ পল্লী ভবনের ছাদের উপরে থাকায় ভবনের অবকাঠামো ক্ষতির সম্ভবনা দেখা দিচ্ছে। তাই বিদ্যমান গাছগুলোর ডালপালা ছাটাই/ কর্তন বিশেষ করে গাছগুলো কর্তন করা বিশেষ ভাবে অনুরোধ করা হয়। | | |

| | | | |
|---|---|---|---|
| | পল্লী সঞ্চয় ব্যাংক : শাখা ব্যবস্থাপক, ব্রাহ্মণপাড়া জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের ঋণ বিতরনের লক্ষ্যমাত্রা ১৫.১৬ কোটি ১৬ লক্ষ টাকা, বিতরন ৫.১০ কোটি লক্ষ টাকা, আদায়ের লক্ষ্যমাত্রা ১৪.১৫ কোটি, আদায় করেছি ৫.২৫ কোটি ২৫ লক্ষ টাকা, সঞ্চয় আদায়ের লক্ষ্যমাত্রা ১ কোটি টাকা আদায় ২৫ লক্ষ টাকা। | | সমন্বয়কারী এবাএখা |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় কর্মকর্তা ব্রাহ্মণপাড়া জানান যে, আগামী ৬ নভেম্বর ২০২২ শনিবার জাতীয় সমবায় দিবস উদযাপন করা হবে। এবারের প্রতিপাদ্য বিষয় " বঙ্গবন্ধুর দর্শন সমবায়ের উন্নয়ন। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা জানান তাঁর দপ্তরের কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | |
| ১৭.. | বন বিভাগঃ ফরেস্টার সভায় জানান যে,উপজেলা পরিষদের অভ্যন্তরে ০৫টি আকাশমনি গাছ খুবই ঝুকিপূর্ণ তন্মধ্যে ১টি গাছ সম্পূর্ণ মৃত। গাছগুলি বিভিন্ন অফিস/ বাউন্ডারী ঘেষা যে, কোন সময় পরে গিয়ে ক্ষতির সম্ভবনা রয়েছে। জরুরীভাবে গাছ গুলি অপসারন করা প্রয়োজন। এছাড়া ব্রাহ্মণপাড়া নতুন অফিসার্স ভবনের ভবনের কটকের পার্শ্বে ০১টি মেহগনি গাছ কর্তন করা প্রয়োজন। ২৪/১০/২০২২ইং তারিখের সিত্রাং এর কারণে অত্র উপজেলার বিভিন্ন স্থানে বিশেষ করে দুলালপুর কেজুরা এলাকায় ২টি গাছ পড়ে গেছে। জনমনের তেমন ক্ষতি হয় নাই। তাছাড়া বন বিভাগ কর্তৃক ২০২১-২০২২ সনের সৃজিত বাগানে ৩০-৩৫% চারা নষ্ট হইয়া গিয়াছে। | | ফরেস্ট রেঞ্জার, |
| ১৮ | পল্লী বিদ্যুৎঃ ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ ব্রাহ্মণপাড়া জোনাল অফিস সভায় জানান যে, সিত্রাং ঘূর্ণিঝড়ের কারণে ব্রাহ্মণপাড়া সহ সারা দেশে বিদ্যুতের সরবরাহ বিঘ্ন হয় আগামী ০২ দিনের মধ্যে গ্রাহকগণ বিদ্যুতের লাইন মেরামতের সমস্যা কাটিয়ে লাইন সংযোগ দিতে পারবো ইনশাআল্লাহ। এছাড়া ও পরিষদের আবাসিক ভবনের বিদ্যুৎ বিল ২০০৮ সালে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ জন্য সভায় দৃষ্টি আর্কষণ করেন। এছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিদ্যুৎ বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস |
| ১৯ | বিবিধ আলোচনাঃ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, বিনামূল্যের পাঠ্য পুস্তক যা পাওয়া গিয়েছে তা বিতরণ শেষ হয়েছে। মাদ্রাসার ৯ম শ্রেণীর ৭ বিষয়ের বই এনসিটিবি থেকে এখনও পাওয়া যায় নাই। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০-২১ মার্চ'২০২৩ তারিখে ব্রাহ্মণপাড়া উপজেলায় অনুষ্ঠিত হবে। উপবৃত্তির নতুন শিক্ষার্থীদের (৬ষ্ঠ ও ৯ম শ্রেণী) অন্তর্ভুক্তির কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা |
| ০৮. | উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সমাজসেবা অধিদফতর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির বয়স্ক,বিধবা ও স্বামী নিগৃহীতা এবং প্রতিবন্ধী ভাতা চলতি অর্থ বছরে (২০২২-২০২৩ ) ৩য় কিস্তির (জানুয়ারী/২৩ হতে মার্চ/২৩ পর্যন্ত) পে-রোল ১২/০৩/২০২৩ তারিখের মধ্যে শুরু হয়েছে। বর্ণিত ভাতা কর্মসূচি সমূহে মৃতঃ ভাতাভোগীদের স্থলে " প্রতিস্থাপন" প্রক্রিয়া চলমান আছে। সুতরাং ইতিমধ্যে যে সকল ভাতাভোগী মৃত্যু বরন করেছে, এর স্থলে নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটির মাধ্যমে রেজুলেশন সহ তালিকা আগামী ৩১মার্চ/২০২৩তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হলো। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা সমাজ সেবা, |
| ০৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, টিআর,কাবিখা-কাবিটা, ২য় পর্যায়ের সংসদীয় আসন ভিত্তিক প্রকল্প ও কমিটির তালিকা জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদন পাওয়া গেছে।<br>টিআর, ও কাবিখা, কাবিটা ২য় পর্যায়ের উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দের প্রকল্প তালিকা আগামী ১৯/০৩/২০২৩তারিখে অনুমোদনের জন্য প্রেরণ করা হবে।<br>২য় পর্যায়ের ১০৬টি বীর নিবাস প্রকল্পের কাজ চলমান আছে। অগ্রগতির হার ৫০%। | তালিকা সঠিক কিনা যাচাই করে নিবেন। | |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভারনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম ২০২২-২০২৩ চক্রের উপকারভোগীদের জানুয়ারী ও ফেব্রুয়ারী/২০২৩ মাসের পুষ্টি চাউল সুষ্ঠভাবে বিতরন করা হয়েছে। মার্চ/২০২৩ মাসের চালের ডিও কার্যক্রম প্রক্রিয়াধীন। যে সকল ইউনিয়নে ভিডব্লিউবি উপকারভোগীদের ব্যাংক হিসাব নম্বর খোলা সম্পন্ন হয়নি দ্রুত হিসাব নম্বর খোলার জন্য অনুরোধ করা হলো।<br>কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে।<br>মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষে ক্ষুদ্র ঋণ কার্যক্রম আওতায় ফেব্রুয়ারী/২৩ মাসে সর্বমোট ৫৭৭১২.৫০ টাকা আদায় করা হয়। মার্চ/২৩ মাসের ঋণ আদায় কার্যক্রম চলছে। | | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. | উপজেলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৩৬৫৭জনের মধ্যে খাবার বড়ি ১৭১৪৪ জন, কনডম ২৬৫৫ জন, ইনজেকশন ৫২২৪ জন, আইইউডি ১৬৩০ জন, ইমপ্লান্ট-২৬২৭জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫৬০ জন এবং মহিলা ৪১৯২ জন, ইউনিয়নের মোট ৩৪৪৩২ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর ৭৮.৮৭%। ফেব্রুয়ারী/২০২৩ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৭৩ জন। মাতৃস্বাস্থ্য মোট গর্ভকালীন সংখ্যা ৯৬৩ জন,চলতি মাসে নতুন গর্ভধারিনী ৮১২ জনকে সেবা প্রদান করা হয়েছে। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে কিছু জানা যায়নি। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এ উপজেলায় বাস্তবানাধীন ০৬টি প্রকল্প/ কর্মসূচীর মাধ্যমে চলতি অর্থ বছরে ৩৩১ জন সদস্যের মাঝে ৩১৭.০৭ লক্ষ টাকা ঋণ বিরতণ করা হয়। বার্ষিক ঋণ আদায় করা হয় ২৫১.০৯ লক্ষ টাকা। ঋণ আদায়ের গড় হার ৯৯%। বিদ্যমান খেলাপী ঋণ আদায়ের জন্য মাঠ পর্যায়ে প্রচেষ্টা অব্যাহত আছে। তদুপরি খেলাপী ঋণ আদায়ের জন্য প্রশাসন ও জনপ্রতিনিধিদের সর্বাত্মক সহযোগীতা কামনা করছি। এছাড়া অফিসের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | |
| ১৪. | পল্লী সঞ্চয় ব্যাংক : শাখা ব্যবস্থাপক, ব্রাহ্মণপাড়া জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক ব্রাহ্মণপাড়া কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছর লক্ষ্যমাত্রা বিপরীতে অর্জন ঋণ বিতরণে লক্ষ্যমাত্রা ১৫১৬ লক্ষ টাকা, ঋণ বিতরণে অর্জন ১০১০.৬৬ লক্ষ টাকা, ঋণ আদায়ে লক্ষমাত্রা ১৪১৬ লক্ষ টাকা, ঋণ আদায় অর্জন ৯৪৪ লক্ষ টাকা, সঞ্চয় আদায় লক্ষমাত্রা ১০০ লক্ষ টাকা, সঞ্চয় আদায় অর্জন ৪০.৩৩ লক্ষ টাকা। | | সমন্বয়কারী এবাএথা |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে কিছু জানা যায়নি। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। | | |
| ১৭. | বন বিভাগঃ ফরেস্টার সভায় অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে কিছু জানা যায়নি। | অনুমোদন করা হল। | ফরেস্ট রেঞ্জার, |

# সভা নং-৪৮

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের এপ্রিল/২০২৩খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | এম এ জাহের<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । |
| সভার তারিখ | ঃ | ০৬/০৪/২০২৩খ্রিঃ সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যদের তালিকা | ঃ | পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরনী উপস্থাপন করা হয়। পাঠান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

<table>
<tr><th>ক্র,নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০১.</td><td>স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, গত মাসে হাসপাতালে ১,০৮,০০০টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। উপজেলা পরিষদকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় গত বছর জাইকা তরফ হতে প্রাপ্ত প্যাথলজির যন্ত্রপাতি পাওয়ার জন্য। বর্তমান প্যাথলজির রুমটি ছোট রুমটাকে সংস্কার করে বড় কোন রুমে স্থানান্তর প্রয়োজন এ জন্য উপজেলা পরিষদ এর কাছে আবেদন জানাচ্ছি। স্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td></td><td>উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা</td></tr>
<tr><td>০২.</td><td>কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান সময়ে ধানের ফ্লায়ারিং চলছে। নেক ব্লাস্টের প্রভাব থেকে রক্ষা পাওয়ার জন্য সকল কৃষককে সচেতন করার জন্য উপস্থিত সকল বিনীতভাবে অনুরোধ করা হয়।</td><td></td><td>উপজেলা কৃষি কর্মকর্তা</td></tr>
<tr><td></td><td colspan="2">উপজেলা প্রকৌশলী জানান যে, ক. ব্রাহ্মণপাড়া উপজেলার জনগুরুত্বপূর্ণ রাস্তা উপজেলা উন্নয়ন তহবিল হতে নিম্নে উল্লেখিত স্কীম সমূহ
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত অর্থ</th></tr>
<tr><td>০১.</td><td>অলুয়া চৌরাস্তার পাবলিক টয়লেট নির্মাণ (পিআইসি)</td><td>২,০০,০০০/-</td></tr>
</table>
সিদ্ধান্ত ঃ প্রকল্প সমূহ অনুমোদন করা হয় পিআইসি মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়</td><td>উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td>০৪.</td><td>মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা ব্রাহ্মণপাড়া কুমিল্লা জানান যে, জেলে নিবন্ধন কার্যক্রমের ২৮৫ জনের তালিকা হেড অফিস কর্তৃক গৃহীত হয়েছে। ব্রাহ্মণপাড়া উপজেলায় নতুন ২৮৫ জনের আইডি কার্ড কার্যক্রম শুরু হবে। পাশাপাশি চাষীর পুকুর পরিদর্শন, চাষী প্রশিক্ষণ সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td></td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা</td></tr>
<tr><td>০৫.</td><td>উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানানযে, সরকারিভাবে গবাদিপশুর চিকিৎসা হয়েছে ১৬২৫টি, হাঁসমুরগীর চিকিৎসা হয়েছে ১৬০৫০টি, গবাদিপশুর টিকা প্রদান করা হয়েছে ৪৮২০ মাত্রা, হাঁসমুরগীর টিকা প্রদান করা হয়েছে ৩৪৪০০ মাত্রা, কৃত্রিম প্রজনন হয়েছে ১০৩৫ টি। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td></td><td>প্রাণি সম্পদ কর্মকর্তা</td></tr>
<tr><td>০৬.</td><td>শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলো অদ্য ০৬/০৪/২০২৩ ইং তারিখ পর্যন্ত শ্রেণী পাঠদান কার্যক্রম চলছে। সকল প্রাথমিক বিদ্যালয়ে ০৭/০৪/২০২৩ ইং থেকে রমজান ও ঈদ উল ফিতরের ছুটি শুরু হবে ছুটি শেষে ২৭/০৪/২০২৩ ইং তারিখ শিক্ষা প্রতিষ্ঠান খুলবে।<br>আন্তঃ জেলা ও আন্তঃ বিভাগ প্রাথমিক শিক্ষক বদলি (সিটি করর্পোরেশনের মধ্যে) কার্যক্রম চলছে।<br>গতমাসে প্রত্যেকটি বিদ্যালয়ে স্বাস্থ্য বিভাগের আওতায় শিক্ষার্থীদের মাঝে কৃমিনাশক ঔষধ সেবনের কার্যক্রম স্বেচ্ছাসেবক ডাক্তারদের মাধ্যমে যথাযথভাবে সম্পন্ন করেছে। এছাড়া অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে।</td><td></td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা</td></tr>
<tr><td>০৭.</td><td>মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, আগামী ৩০ এপ্রিল সারা দেশে এস.এস.সি, দাখিল ও সমমান পরীক্ষা-২০২৩ শুরু হবে। সুষ্ঠ, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করি। এছাড়া অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td></td><td>উপজেলা মাধ্যমিক কর্মকর্তা</td></tr>
<tr><td>০৮.</td><td>উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সমাজসেবা অধিদপ্তরাধীন সামাজিক নিরাপত্তা আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও স্বামী নিগৃহীতা এবং প্রতিবন্ধী ভাতা ৩য় কিস্তির (জানুয়ারী/২৩ হতে মার্চ/২৩ পর্যন্ত) পে-রোল ৩১শে মার্চ এ মধ্যে প্রেরণ করা হয়েছে। ৪র্থ কিস্তিতে প্রতিস্থাপনের লক্ষে মৃতঃ ভাতাভোগীর নামের তালিকা ও প্রতিস্থাপন তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটির মাধ্যমে ৩১শে মার্চ এর মধ্যে উপজেলা কমিটি প্রেরণের অনুরোধ ছিল এখনো পাওয়া যায় নাই। জরুরী প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান বৃন্দকে পুনঃরায় অনুরোধ করা হলো। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে।</td><td></td><td>উপজেলা সমাজ সেবা,</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, আসন্ন ঈদ- উল-ফিতর উপলক্ষে বিনামূল্যে ভিজিএফ চালের বরাদ্দ পাওয়া গেছে। কার্ড সংখ্যা ১০,৫০৭টি। ১০ কেজি হারে বিনামুল্যে বিতরনের নিমিত্তে আগামী ০৯/০৪/২০২৩ তারিখের মধ্যে দুই কপি ভিজিএফ উপকারভোগীর তালিকা প্রনয়ন করতে হবে এবং ১২, ১৩, ১৪ তারিখের ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরন নিশ্চিত করতে হবে।<br>বীর নিবাস প্রকল্পের ১১৭টি আবাসনের মধ্যে ৪৪ টির কাজ সম্পন্ন। বাকী আবাসনের কাজ চলমান আছে। টিআর,কাবিখা- কাবিটার কাজ চলমান। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভারনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম ২০২২-২০২৩ চক্রের উপকারভোগীদের জানুয়ারী ও মার্চ/২০২৩ মাসের পুষ্টি চাউল সুষ্ঠভাবে বিতরন করা হয়েছে এবং এপ্রিল/২০২৩ মাসের চালের ডিও কার্যক্রম প্রক্রিয়াধীন। সে সকল ইউনিয়নে ভিডব্লিউবি উপকারভোগীদের ব্যাংক হিসাব নম্বর খোলা সম্পন্ন হয়নি দ্রুত হিসাব নম্বর খোলার জন্য অনুরোধ করা হলো।<br>মহিলাদের আত্নকর্মসংস্থানের লক্ষে ক্ষুদ্র ঋণ কার্যক্রম আওতায় মার্চ/২৩ মাসে সর্বমোট ৩৪৯৮৭.৫০ টাকা আদায় করা হয়। এপ্রিল/২৩ মাসের ঋণ আদায় কার্যক্রম চলছে।<br>কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে।<br>১৭মার্চ বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান এর ১০৩ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন করা হয়।<br>২৬ মার্চ/২০২৩ মহান স্বাধীনতা দিবস উদ্যাপন করা হয়।<br>মা ও শিশু সহায়তার আওতায় কর্মসূচির আওতায় প্রতি মাসে নীতিমালা অনুযায়ী ২০ তারিখের মধ্যে পর্যাপ্ত আবেদন করার জন্য চেয়ারম্যানদের অনুরোধ জানান হয়। | | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. | উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৩৭০১ জনের মধ্যে খাবার বড়ি ১৭১৫৫ জন, কনডম ২৬৬২ জন, ইনজেকশন ৫৬৩৯ জন, আইইউডি ১৬৩২জন, ইমপ্লান্ট-২৬২৯ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫৫৮ জন এবং মহিলা ৪১৯১ জন, ইউনিয়নের মোট ৩৪৪৬৬ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর ৭৮.৮৭%। মার্চ/২০২৩ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৭১ জন। মাতৃস্বাস্থ্য মোট গর্ভকালীন সংখ্যা ১০৩৪ জন,চলতি মাসে নতুন গর্ভবোর ৬২৩ জনকে সেবা প্রদান করা হয়েছে। | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তাঁর দপ্তর সম্পর্কে কিছু জানা যায়নি। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এ উপজেলায় বাস্তবানাধীন ০৬টি প্রকল্প/ কর্মসূচীর মাধ্যমে চলতি অর্থ বছরে ৩৩১ জন সদস্যের মাঝে ৩১৭.০৭ লক্ষ টাকা ঋণ বিরতণ করা হয়। বার্ষিক ঋণ আদায় করা হয় ২৫১.০৯ লক্ষ টাকা। ঋণ আদায়ের গড় হার ৯৯%। বিদ্যমান খেলাপী ঋণ আদায়ের জন্য মাঠ পর্যায়ে প্রচেষ্টা অব্যাহত আছে। তদুপরি খেলাপী ঋণ আদায়ের জন্য প্রশাসন ও জনপ্রতিনিধিদের সর্বাত্মক সহযোগীতা কামনা করছি। এছাড়া অফিসের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | পল্লী সঞ্চয় ব্যাংক : শাখা ব্যবস্থাপক, ব্রাহ্মণপাড়া জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক ব্রাহ্মণপাড়া কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছর লক্ষ্যমাত্রা বিপরীতে অর্জন ঋণ বিতরণে লক্ষ্যমাত্রা ১৫১৬ লক্ষ টাকা, ঋণ বিতরণে অর্জন ১০১০.৬৬ লক্ষ টাকা, ঋণ আদায়ে লক্ষমাত্রা ১৪১৬ লক্ষ টাকা, ঋণ আদায় অর্জন ৯৪৪ লক্ষ টাকা, সঞ্চয় আদায় লক্ষমাত্রা ১০০ লক্ষ টাকা, সঞ্চয় আদায় অর্জন ৪০.৩৩ লক্ষ টাকা। | | সমন্বয়কারী এবাএব |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী'র উপহার ভূমিহীনদের মধ্যে প্রদত্ত ঘরের যেগুলো গুচ্ছাকারে নির্মিত হয়েছে সেখানে আশ্রয়ন সমবায় সমিতি গঠনের জন্য নির্দেশনা রয়েছে। সমিতি গঠনের পর সদস্যদের মধ্যে ঋণ প্রদান করা হবে। জনপ্রতিধিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। | | |
| ১৭. | বন বিভাগঃ ফরেস্টার সভায় জানান যে, প্রথমে সবার সাথে পরিচয় পেশ করে পরিচিত হন। উপজেলার রাস্তার পার্শ্বে মরা গাছ কর্তন ও মহালক্ষীপাড়া রাস্তার উন্নয়ন কাজে যে গাছ গুলো কর্তনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কাল বৈশাখীর ঝড়ের আগে রাস্তার পার্শ্বে মরা গাছগুলো বিধি মোতাবেক কর্তনের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্ট রেঞ্জার, |
| ১৮ | পল্লী বিদ্যুৎ ঃ- ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ ব্রাহ্মণপাড়া জোনাল অফিস সভায় জানান যে, পবিত্র রমজান মাসে ইফতার, তারাবী নামাজ ও সাহ্‌রীর সময় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উপজেলা পরিষদের আবাসিক কমপ্লেক্স সমূহের পুরোনো বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুরোধ করা হয়। আশ্রয়ন প্রকল্পের ঘর সমূহে জরুরী ভিত্তিতে বিদ্যুৎ সংযোগ দেওয়া হবে। এছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস |
| ১৯ | তথ্য সেবা কেন্দ্র- রিফাত আরা জান্নাত, (তথ্য আপা প্রকল্প ২য় পর্যায়) উপজেলা তথ্য কেন্দ্র প্রথমে সবার সাথে পরিচয় পেশ করে পরিচিত হন। মেডিক্যাল ক্যাম্প সচেতনতা মূলক প্রোগাম গুলোতে (তথ্য আপা প্রকল্প ২য় পর্যায়) এর সেবা দিয়ে থাকে সংশ্লিষ্ট সবাইকে অবহিত করেন সকল ইউপি চেয়ারম্যান বৃন্দকে অবহিত করেন জনগন যেন উক্ত সেবা গ্রহণে অনুরোধ জানান। | উন্নয়ন তথ্য গুলো সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রকাশের আলোচনা হয়। | তথ্য আপা প্রকল্প-০২ |
| ২০ | বিবিধ আলোচনাঃ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.২০.১৯১৫.০০০.০৬.০০২.২০২৩-১৯ (২৯)

তারিখ: ০৬/০৪/২০২৩খ্রি.

অনুলিপি :

১. জনাব আবুল হাসেম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৫ ,কুমিল্লা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩. কমিশনার , চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক,স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।

(১–৬: সদয় অবগতির জন্য।)

৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৮. উপজেলা.......................................................কর্মকর্তা, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৯. চেয়ারম্যান.......................................................(সকল) ইউপি, ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।

(৭–৯: অবগতি ও কার্যার্থে)

১০. অফিস নথি।

(সোহেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।

# সভা নং-৪৯

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের মে/২০২৩খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | এম এ জাহের<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । |
| সভার তারিখ | ঃ | ১১/০৫/২০২৩খ্রি সময় ঃ বিকাল ২.৩০মিনিট ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা। |
| উপস্থিত সদস্যদের তালিকা | ঃ | পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "খ"। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। পাঠান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্র,নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, গত মাসে হাসপাতালে ১,২৫,০০০টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। গত মাসে আন্ত বিভাগে ৭৯২ জন বহিঃ বিভাগে ৩৩৯৪ জন, জরুরী বিভাগে ১০০০ জন কে সেবা প্রদান করা হয়। স্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো ধান ১০০% কর্তন করা হয়েছে। আউশ বীজতলা ১৭০ হেক্টরের অর্জিত হয়েছে। ঘূর্ণিঝড় মোখা ক্ষতির হাত থেকে রক্ষা পেতে সকলকে অবগতির করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল। | | উপজেলা কৃষি কর্মকর্তা |
| | উপজেলা প্রকৌশলী জানান যে, ক. ব্রাহ্মণপাড়া উপজেলার জনগুরুত্বপূর্ণ রাস্তা উপজেলা উন্নয়ন তহবিল হতে নিম্নে উল্লেখিত স্কীম সমূহ | | উপজেলা প্রকৌশলী |

| ক্রমিক নং | উপজেলা উন্নয়ন তহবিল হতে প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ |
|---|---|---|
| ০১. | চান্দলা ছড়ারপাড় জসিমের বাড়ীর সামনে ফুট ব্রীজ নির্মাণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| ০২. | ছক্কার মার বাড়ী হতে সুমনের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি ঢালাই করন (পিআইসি) | ১,৫০,০০০/- |
| ০৩. | বড়ধুশিয়া জাহাঙ্গীরের বাড়ী সংলগ্ন খালের উপর ব্রীজ নির্মান (পিআইসি) | ২,০০,০০০/- |
| ০৪. | গোপালনগর আলমের বাড়ীর ড্রেইনের উপর স্লাব নির্মাণ (পিআইসি) | ১,৫০,০০০/- |
| ০৫. | অহিদ সর্দারের বাড়ীর রাস্তায় রিটানিং ওয়াল নির্মাণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| ০৬. | শিদলাই মধ্য বাজার সংলগ্ন ময়নাল হোসেন গরু ব্যাপারী বাড়ীর ব্রীজের রিটার্নিং ওয়াল নির্মাণ(পিআইসি) | ৭০,০০০/- |
| ০৭. | বড়ধুশিয়া নজরুল প্রিন্সিপালের বাড়ী রাস্তার পার্শ্বে রিটার্নিং ওয়াল নির্মাণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| ০৮. | বড়ধুশিয়া বাতাইয়া বাড়ীর নিকট আরসিসি রাস্তা নিমার্ণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| ০৯. | নাইঘর ঘুংঘুর নদীর বাধ হতে উত্তর দিকে রাস্তা সলিং করন (পিআইসি) | ১,৫০,০০০/- |
| ১০. | মালাপাড়া ইউনিয়নের বিভিন্ন রাস্তায় আধলা ইট দিয়ে মেরামত (পিআইসি) | ৭০,০০০/- |
| ১১. | দুলালপুর আরিফুল হক ভূইয়া বাড়ী পার্শ্বে রিটানিং ওয়াল নির্মাণ (পিআইসি) | ১,০০,০০০/- |
| ১২. | উত্তর শিদলাই ফরিদ মাস্টারের বাড়ীর পাশে খালের উপর ফুট ব্রীজ নির্মান (পিআইসি) | ২,০০,০০০/- |
| ১৩. | লাড়ুচৌ পূর্বপাড়া জামালের বাড়ির পাশে খালের উপর ফুট ব্রীজ নির্মাণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| ১৪. | লাড়ুচৌ পূর্বপাড়া হাফেজিয়া মাদরাসার টিনশেড ঘর নির্মাণ (পিআইসি) | ১,০০,০০০/- |
| ১৫. | নারায়নপুর হাশেম সর্দারের বাড়ীর রাস্তা সলিং (পিআইসি) | ১,০০,০০০/- |
| ১৬. | মহালক্ষীপাড়া শরীফ হাইস্কুল উত্তর দিকে রাস্তা পুকুরে রিটার্নিং ওয়াল নির্মান ( পিআইসি) | ১,০০,০০০/- |
| ১৭. | নাল্লা সাপেরপুল সংলগ্ন ব্রীজের স্লাব নিমার্ণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| ১৮. | মাধবপুর কমিউনিটি হাসপাতালের রাস্তা সিসি ঢলাই দ্বারা (১ম অংশ) উন্নয়ন (পিআইসি) | ২,০০,০০০/- |
| ১৯. | হরিমঙ্গল আশ্রয়ন প্রকল্পের গাইডওয়ালসহ রিপ-র‍্যাপ ওয়াক নির্মাণ (পিআইসি) | ১,৬৭,৯৫৬/- |
| ২০. | ব্রাহ্মণপাড়া সিএনজিস্ট্যান্ডের উত্তর পার্শ্বে ভগবান স্কুল পুকুরে রিটানিং ওয়ালের ঠ্যাশ ওয়াল নির্মাণ (পিআইসি) | ২,০০,০০০/- |
| ২১ | আম্বাদনগর নোয়াব ভূইয়া বাড়ীর রাস্তা সিসি ঢালা (পিআইসি) | ১,০০,০০০/- |
| ২১. | দুলালপুর ইউনিয়নে উত্তরগোপালনগর মরহুম নান্নু মিয়ার বাড়ীর সামনে খালের উপর ৭.০০ মিটার ফুটব্রীজ নির্মাণ (আরএফকিউ) | ৪,০০,০০০/- |

সিদ্ধান্ত ঃ প্রকল্প সমূহ অনুমোদন করা হয় পিআইসি ও আরএফকিউ'র মাধ্যমে উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত

| | | | |
|---|---|---|---|
| | খ. উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় ব্রাহ্মণপাড়া উপজেলায় বিভিন্ন প্রকল্প সংশোধনী আকারে উপস্থাপন করেন।<br>১।শিদলাই জোড়পুল হতে সিরাজ আলীর বাড়ির রাস্তা হয়ে মসজিদ পর্যন্ত সিসি দ্বারা উন্নয়নের পরিবর্তে আরসিসি দ্বারা উন্নয়ন হবে।<br>২। রানীগাছ সওজ রাস্তা হতে মনগোহ মেইন রোড পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়নের পরিবর্তে আরসিসি দ্বারা উন্নয়ন হবে।<br>৩। উত্তর চান্দলা আউয়াল হাজী বাড়ী ও মেইন রাস্তা হতে কেন্দ্রীয় কবরস্থান সলিং করন এর পরিবর্তে আরসিসি দ্বারা উন্নয়ন।<br>৪। রানিগাছ সওজ হতে মনগোহ মেইন রাস্তা পর্যন্ত রাস্তা সলিং এর পরিবর্তে আরসিসি দ্বারা উন্নয়ন।<br>৫। বড়ধুশিয়া নূর মসজিদ টু পূর্বদিকে হারুন চেয়ারম্যান বাড়ী অংশে সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন।<br>৬। ব্রাহ্মণপাড়া উপজেলাধীন শশীদল ইউনিনের মোঃ এনামুল হক ভিপি মহোদয়ের বাড়ী রাস্তা প্রশস্থকরণ ও রাস্তা প্রটেকটিভ ওয়াল নির্মাণ এর পরিবর্তে একই ইউনিয়নে হাসমত সরদার এর বাড়ীর রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন।<br>৭। কল্পবাস রাজার বাড়ীর রাস্তায় রিটানিং ওয়াল পরিবর্তে কল্পবাস রাজাকাজী বাড়ী রাস্তায় বালি ভরাট ও সলিংদ্বারা রাস্তা উন্নয়ন করা সংশোধন সভায় উপস্থাপন করেন। | অনুমোদন করা হয়। | |
| | গ. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া সভায় আরো জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলাধীন VR-Aএবং VR-B ক্যাটাগরিতে মোট ৭৬টি রাস্তা দৈর্ঘ্যে কম বেশী থাকায় দৈর্ঘ্য সংশোধনের জন্য একটি তালিকা উপস্থাপন করা হয়। উক্ত তালিকা সদয় অনুমোদনের নিমিত্তে এলজিইডি এর উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | দৈর্ঘ্য সংশোধনের জন্য সদয় অনুমোদনের জন্য এলজিইডি এর উর্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ঘ. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বৎসরে এডিপি খাতের সাশ্রয়কৃত ২,০০,০০০/- টাকা এবং এডিপি থোক খাতের সাশ্রয়কৃত ১,২০,০০০/- টাকা দ্বারা নিম্নবর্ণিত প্রকল্প সমূহ প্রকল্প কমিটির মাধ্যমে জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১. মাধবপুর আলহাজ্ব মুহাম্মদ আবু জাহের কলেজের সেপ্টিক ট্যাংক নির্মাণ ২,০০,০০০/- টাকা (পিআইসি)<br>২. উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের সংযোগ সড়ক আরসিসি দ্বারা উন্নয়ন ১,২০,০০০/- | অনুমোদন করা হয় ও এডিপি খাত হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ঙ. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তার অফিস রুমে টয়লেট নির্মাণ ২,০০,০০০/- (দুই লক্ষ) (পিআইসি) টাকা প্রাক্কলন উপস্থাপন করেন। | অনুমোদন করা হয় ও উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৪. | মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা ব্রাহ্মণপাড়া কুমিল্লা জানান যে তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপজেলা মৎস্য |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানানযে, সরকারিভাবে গবাদিপশুর চিকিৎসা হয়েছে ১৬২৫টি, হাঁসমুরগীর চিকিৎসা হয়েছে ১৬০৫০টি,গবাদিপশুর টিকা প্রদান করা হয়েছে ৪৮২০ মাত্রা, হাঁসমুরগীর টিকা প্রদান করা হয়েছে ৩৪৪০০ মাত্রা, কৃত্রিম প্রজনন হয়েছে ১০৩৫ টি।<br>শশীদল সীমান্তে গরু পাচার হচ্ছে প্রাণি সম্পদ বিভাগে শশীদল ইউনিয়নে গবাদি পশু রেজিষ্ট্রার রয়েছে কিনা এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সীমান্তে গবাদি পশু পাচার রুখতে আপডেট গবাদি পশুর তালিকা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা ব্রাহ্মণপাড়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগ সম্পর্কে কিছু জানা যায়নি। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, এস.এস.সি,দাখিল ও সমমান পরীক্ষা-২০২৩ চলমান। ৬টি বিষয়ের পরীক্ষা সুষ্ঠ,সুন্দরভাবে শেষ হয়েছে। অবশিষ্ট পরীক্ষাগুলো যাতে সুন্দর ও নকলমুক্ত পরিবেশে শেষ হয় সে জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ও ট্যাগ অফিসারদের নির্দেশনা প্রদান করেন। এছাড়া অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা |
| ০৮. | উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সমাজসেবা অধিদফতরাধীন সামাজিক নিরাপত্তা আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ কিস্তির ( এপ্রিল/২৩ হতে জুন/২৩ পর্যন্ত) পে-রোল ৮-১৮ তারিখের মধ্যে সম্পন্ন হবে। এ ক্ষেত্রে প্রতিস্থাপনের লক্ষে প্রাপ্ত তালিকার মধ্যে যে সকল ভাতা ভোগীর সঠিক কাগজপত্র পাওয়া গিয়াছে। সে সকল ভাতাভোগীদের প্রতিস্থাপন সম্পন্ন করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। | | উপজেলা সমাজ সেবা, |
| ০৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, আসন্ন ঈদ- উল-ফিতর উপলক্ষে বিনামূল্যে ভিজিএফ চালের বরাদ্দ পাওয়া গেছে। কার্ড সংখ্যা ১০,৫০৭টি। ১০ কেজি হারে বিনামূল্যে বিতরনের নিমিত্তে আগামী ০৯/০৪/২০২৩ তারিখের মধ্যে দুই কপি ভিজিএফ উপকারভোগীর তালিকা প্রনয়ন করতে হবে এবং ১২, ১৩, ১৪ তারিখের ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরন নিশ্চিত করতে হবে।<br>বীর নিবাস প্রকল্পের ১১৭টি আবাসনের মধ্যে ৪৪ টির কাজ সম্পন্ন। বাকী আবাসনের কাজ চলমান আছে। টিআর,কাবিখা- কাবিটার কাজ চলমান। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভারনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম ২০২৩-২০২৪৩ চক্রের উপকারভোগীদের এপ্রিল/২০২৩ মাসের পুষ্টি চাউল সুষ্ঠভাবে বিতরন করা হয়েছে এবং মে/২০২৩ মাসের চালের ডিও দেওয়া হয়েছে। যে সকল ইউনিয়নে ভিডব্লিউবি উপকারভোগীদের ব্যাংক হিসাব নম্বর খোলা সম্পন্ন হয়নি দ্রুত হিসাব নম্বর খোলার জন্য অনুরোধ করা হলো।<br>মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষে ক্ষুদ্র ঋণ কার্যক্রম আওতায় এপ্রিল/২৩ মাসে সর্বমোট ৪৪,৪৩৭.৫০ টাকা আদায় করা হয়। মে/২৩ মাসের ঋণ আদায় কার্যক্রম চলছে।<br>কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে।<br>আসছে ১৪ মে বিশ্ব মা দিবস উপলক্ষে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে। উক্ত আয়োজিত অনুষ্ঠানে সকলের সানুগ্রহ উপস্থিতি কামনা করছি। | | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. উপজেলা পরিবার-পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৩৭৫৮ জনের মধ্যে খাবার বড়ি ১৭২০১জন, কনডম ২৬৫৫ জন, ইনজেকশন ৫৬৪৩ জন, আইইউডি ১৬৩০জন, ইমপ্লান্ট-২৬০৯ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫৫২ জন এবং মহিলা ৪১৮৩ জন, ইউনিয়নের মোট ৩৪৪৭৩ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর ৭৮.৭৮%। এপ্রিল/২০২৩ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৬৫ জন। মাতৃস্বাস্থ্য মোট গর্ভকালীন সংখ্যা ৮২৭ জন,চলতি মাসে নতুন গর্ভবতীর ৬১০ জনকে সেবা প্রদান করা হয়েছে। | | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, এপ্রিল/২৩ মাসে পর্যন্ত প্রশিক্ষনখাতে ০৭টি ব্যাচে বরাদ্দ পাওয়া যায়। ইতিমধ্যে ৫টি ব্যাচে ১৫০জনের প্রশিক্ষন সম্পন্ন হয়। ০২টি ব্যাচ প্রক্রিয়াধীন যা আগামী ৭ দিনের মধ্যে শুরু করা যাবে। চলমান মাস পর্যন্ত ঋণ বিতরণ করা হয় ৬৭জনকে ৩০,৬০,০০০/- (ক্ষুদ্রঋণ) খাতে ৪০ জনকে ৪,৮০,০০০/- টাকা বিতরন করা হয়। চলমান মসে ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৭.০১%। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এ উপজেলায় বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্প/ কর্মসূচীর মাধ্যমে চলতি অর্থ বছরে ৩৩১ জন সদস্যের মাঝে ৩১৭.০৭ লক্ষ টাকা ঋণ বিরতণ করা হয়। বার্ষিক ঋণ আদায় করা হয় ২৫১.০৯ লক্ষ টাকা। ঋণ আদায়ের গড় হার ৯৯%। বিদ্যমান খেলাপী ঋণ আদায়ের জন্য মাঠ পর্যায়ে প্রচেষ্টা অব্যাহত আছে। তদুপরি খেলাপী ঋণ আদায়ের জন্য প্রশাসন ও জনপ্রতিনিধিদের সর্বাত্মক সহযোগীতা কামনা করছি। এছাড়া অফিসের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | পল্লী সঞ্চয় ব্যাংক : শাখা ব্যবস্থাপক, ব্রাহ্মণপাড়া জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক ব্রাহ্মণপাড়া কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছর লক্ষ্যমাত্রা বিপরীতে অর্জন ঋণ বিতরণে লক্ষ্যমাত্রা ১৫১৬ লক্ষ টাকা, ঋণ বিতরণে অর্জন ১০১০.৬৬ লক্ষ টাকা, ঋণ আদায়ে লক্ষমাত্রা ১৪১৬ লক্ষ টাকা, ঋণ আদায় অর্জন ৯৪৪ লক্ষ টাকা, সঞ্চয় আদায় লক্ষমাত্রা ১০০ লক্ষ টাকা, সঞ্চয় আদায় অর্জন ৪০.৩৩ লক্ষ টাকা। | | সমন্বয়কারী এবাএখা |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী'র উপহার ভূমিহীনদের মধ্যে প্রদত্ত ঘরের যেগুলো গুচ্ছাকারে নির্মিত হয়েছে সেখানে আশ্রয়ন সমবায় সমিতি গঠনের জন্য নির্দেশনা রয়েছে। সমিতি গঠনের পর সদস্যদের মধ্যে ঋণ প্রদান করা হবে। জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছি। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। | | |
| ১৭. | বন বিভাগ: ফরেস্টার সভায় জানান যে, যে সকল রাস্তার উন্নয়ন কাজে যে গাছ গুলো কর্তনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কাল বৈশাখীর ঝড়ের আগে রাস্তার পার্শ্বে মরা গাছগুলো বিধি মোতাবেক কর্তনের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্ট রেঞ্জার, |
| ১৮ | পল্লী বিদ্যুৎ ঃ- ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ ব্রাহ্মণপাড়া জোনাল অফিস সভায় জানান যে, উপজেলা পরিষদের আবাসিক কমপ্লেক্স সমূহের পুরোনো বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুরোধ করা হয়। আশ্রয়ন প্রকল্পের ঘর সমূহে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। এছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা পরিষদ কমপ্লেক্স বকেয়া বিদ্যুৎ বিল সমূহ চলতি মাসে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস |
| ১৯ | বিবিধ আলোচনাঃ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| ক. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ব্রাহ্মণপাড়া জানান যে, গোপালনগর বাজারে আল্লাহর ৯৯ নাম ফলক চত্বরটি আমার নিজস্ব তহবিল হতে ব্যয় করে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। এতে কোন সরকারী খাত হতে বরাদ্দ প্রদান করা হয় নাই। | সভায় সর্বসম্মতিক্রমে পাশ করা হয়। | |

<table>
<tr>
<td></td>
<td>উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ে কর্মরত মটি-মুদ্রাক্ষরিক জনাব মোঃ মশিউর রহমান গত ১৩/০৫/২০১২ তারিখে এবং পরিষদের জীপ চালক জনাব মোঃ কাইয়ুম হোসেন ১০/০৪/২০১২ তারিখে সরকারী চাকুরীতে যোগদান করেন। অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং- ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২,তারিখ:২১/০৯/২০১৬খ্রি. এর পরিপত্র মোতাবেক চাকুরী ১০ বছর সন্তোষজনক হলে পরবর্তী উচ্চতর প্রাপ্য হবেন মর্মে সিদ্ধান্ত রয়েছে। বর্ণিত অবস্থায় ০২জন কর্মচারী মশিউর রহমান, মটি-মুদ্রাক্ষরিক গত ১৩/০৫/২০২২ ও মোঃ কাইয়ুম হোসেন, জীপ চালক গত ১০/০৪/২০২২ তারিখ (১ম) উচ্চতর গ্রেড প্রাপ্ত হয়েছেন। উক্ত কর্মচারীগন উচ্চতর গ্রেড প্রাপ্য হওয়ায় তাদের উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>মোঃ মশিউর রহমান, মটি-মুদ্রাক্ষরিক উচ্চতর গ্রেড-(১৩, ১১০০০-২৬৫৯০) তারিখঃ ১২/০৫/২০২২ ও মোঃ কাইয়ুম হোসেন, জীপ চালক উচ্চতর গ্রেড-(৯৭০০-২৩,৪৯০) তারিখ: ১০/০৪/২০২২ খ্রি. (১ম) উচ্চতর গ্রেড মঞ্জুরের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা পরিষদ</td>
</tr>
<tr>
<td>গ.</td>
<td>উপজেলা পরিষদের বাজেটঃ<br>সভাপতি জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের উন্মুক্ত বাজেট সভায় রাজস্ব আয় ধরা হয়েছে ৩,৬৪,৮৯,১৮২/- টাকা, রাজস্ব ব্যয় ধরা হয়েছে ৬৯,৬১,৫০০/- টাকা এবং রাজস্ব উদ্বৃত্ত ২,৯৫,২৭,৬৮২/-টাকা। তাছাড়াও উন্নয়ন খাতে ( সরকারী বরাদ্দ+ রাজস্ব উদ্বৃত্ত) প্রাপ্তি ৪,৫৫,২৭,৬৮২/-টাকা। সভায় বাজেটের কপি উপস্থাপন করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>সভায় উত্থাপিত উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td>
<td>উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া</td>
</tr>
<tr>
<td>ঘ.</td>
<td colspan="2">ঈদ- উল- আযহা উপলক্ষে গবাদি পশুর হাট ইজারা সংক্রান্ত : উপজেলা নির্বাহী অফিসার ঈদ -উল- আযহা ২০২৩ খ্রি: (১৪৩০ বাংলা) উপলক্ষে অস্থায়ী গবাদি পশুর হাট ইজারা বিষয়ে আলোচনা করেন। তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেল লাইন ও সড়ক/মহাসড়কের সন্নিকটে জনদূর্ভোগ সৃষ্টি হয় এমন স্থানে পবিত্র ঈদ উল আযহা-২০২৩ উপলক্ষে অস্থায়ী পশুর হাট না বসানোর জন্য স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত বাজার স্থানসমূহ শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেল লাইন ও আঞ্চলিক সড়ক /মহাসড়কের সন্নিকটে এবং জনদূর্ভোগ সৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে কিনা এবং অস্থায়ী পশুর হাট স্থাপন, ইজারা প্রদান বা মালিকানা সংক্রান্ত কোন বিজ্ঞ আদালতে মামলা মোকদ্দমা আছে কিনা এ বিষয়ে তদন্তপূর্বক ২০২৩ উপলক্ষে অস্থায়ী পশুর হাট বসানোর সিদ্ধান্ত নেয়া যেতে পারে। হাট-বাজার ইজারা সম্পর্কিত নীতিমালার ১০.২ অনুচ্ছেদ মোতাবেক নিম্নবর্ণিত স্থানে ২০২৩ খ্রি: (বাংলা ১৪৩০ সনে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে অস্থায়ী পশুর হাট বসানোর নিমিত্তে সদয় অনুমতির জন্য জেলা প্রশাসক মহোদয়ের বরাবর প্রেরণ করা প্রয়োজন।

| ক্রমিক নং | হাট-বাজার/স্থানের নাম | ইউনিয়নের নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | কান্দুঘর বাজার সংলগ্ন খালি জায়গা | মাধবপুর | |
| ০২ | শিদলাই সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন মাঠ | শিদলাই | |
| ০৩ | চান্দলা কদমতলী জামে মসজিদ হাজী নূরুল হকের বাড়ীর মাঠ | চান্দলা | |
| ০৪ | সেনের বাজার | শশীদল | |
| ০৫ | নাগাইশ বাজার | শশীদল | |
| ০৬ | হরিমঙ্গল বাজার | শশীদল | |
| ০৭ | দেউশ বাজার | শশীদল | |
| ০৮ | দুলালপুর বাজার | দুলালপুর | |
| ০৯ | গোপালনগর দক্ষিন বাজার | দুলালপুর | |
| ১০ | ব্রাহ্মণপাড়া শ্মশান হাইস্কুলের সামনে খালি জায়গা | ব্রাহ্মণপাড়া সদর | |
| ১১ | খাদ্যাদৌল বাজার সংলগ্ন | ব্রাহ্মণপাড়া সদর | |
| ১২ | জিরুইন বটতলী বাজার | সাহেবাবাদ | |
| ১৩ | টাকাই কেন্দ্রিয় জামে মসজিদ সংলগ্ন আড়ং | সাহেবাবাদ | |
| ১৪ | রামনগর বাজার | মালাপাড়া | |
| ১৫ | আহাম্মদনগর কলেজ গেইট | মালাপাড়া | |
| ১৬ | মনোহরপুর চৌধুরী পুকুরপাড় | মালাপাড়া | |
| ১৭ | অলুয়া দক্ষিনপাড়া | মালাপাড়া | |

সিদ্ধান্ত: নিম্নবর্ণিত বাজার/স্থানসমূহ শিক্ষা প্রতিষ্ঠানের মাঠ, খেলার মাঠ, রেল লাইন ও আঞ্চলিক সড়ক/মহাসড়কের সন্নিকটে এবং জনদুর্ভোগ সৃষ্টি হওয়ার সম্ভাবনা না থাকলে এবং অস্থায়ী পশুর হাট স্থাপন, ইজারা প্রদান বা মালিকানা সংক্রান্ত বিজ্ঞ আদালতে মামলা মোকদ্দমা না থাকলে পবিত্র ঈদ-উল-আযহা ২০২৩ উপলক্ষে উপরিউল্লিখিত বাজার/স্থান সমূহে অস্থায়ী গবাদি পশুর হাট বসানোর নিমিত্তে সদয় অনুমতির জন্য জেলা প্রশাসক মহোদয়ের বরাবর প্রেরণ করতে সকলসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রশাসন, ব্রাহ্মণপাড়া।</td>
</tr>
<tr>
<td>ঙ.</td>
<td colspan="2">জনাব মোঃ যোবায়ের আলী রুবেল ও মোঃ হাবিবুর রহমান শরীফ উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লায় মাস্টাররোলে মালি পদে কর্মরত আছে। স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপজেলা-০১শাখা স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.০১৫.০০৪.১২ (অংশ)-৮৩,তারিখ: ০৩ এপ্রিল ২০২৩খ্রি.পত্র খানা পাওয়া যায়। বর্ণিত পত্রে উপজেলা পরিষদের দৈনিক হাজিরা ভিত্তিতে নিয়োজিত/ কর্মরত মালিদের কাজ করার পরিবেশ তৈরী ও নির্দেশনা মোতাবেক মজুরী প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। বর্ণিত অবস্থায় উক্ত ০২ জন মালি সপ্তাহের ০৭ দিন কর্মরত থাকায় তাদের সাপ্তাহিক বন্ধের দিনসহ মজুরী প্রদানের জন্য সভায় প্রস্তাব পেশ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে মাস্টাররোল নিয়োজিত ০২জন মালীকে সাপ্তাহিক বন্ধের দিনসহ মজুরী প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td></td>
</tr>
</table>

<table>
<tr>
<td>চ.</td>
<td>ব্রাহ্মণপাড়া উপজেলার ১৪৩০ বঙ্গাব্দ সনে সাহেবাবাদ বাজার ও সেনের বাজারটি ইজারা প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারী করা হলে সাহেবাবাদ বাজারের জন্য ০১টি দরপত্র সিডিউল এবং সেনের বাজারের জন্য ০১টি দরপত্র সিডিউল পাওয়া যায়। সাহেবাবাদ বাজারের জন্য সরকারী মূল্য ৭০,৬৯,৭০১/-টাকা হলেও দরদাতা ৪৫,৫০,০০০/- টাকা দর দাখিল করেন এবং সেনের বাজারের সরকারী মূল্য ২,১২,৬৮৯/- টাকা হলে দরদাতা ১,৫০,০০০/- টাকা দর দাখিল করেন। সরকারী মূল্য অপেক্ষা কম মূল্যে দরপত্র দাখিল করায় বাজারদুটি ইজারা অনুমোদন প্রদান করা হয়নি। আলোচনায় অংশগ্রহণ করে উপজেলা চেয়ারম্যান মহোদয় জানান যে, সাহেবাবাদ বাজারের নিকটবর্তী নয়নপুর বাজার ও কুটি চৌমুহনী বাজার নতুন দুটি বাজার প্রতিষ্ঠা হওয়ায় এবং সাহেবাবাদ বাজারের দিন একই হওয়া বাজারটি বর্তমানে পূর্বের মত বসে না। তাই বাজারটির সরকারী মূল্যে আগ্রহী কোন দরদাতা পাওয়া যায়নি। ব্রাহ্মণপাড়া উপজেলার সেনের বাজারটি সীমান্তবর্তী এলাকায় সীমান্তে বর্তমানে কাটাতারের বেড়া নির্মিত হওয়ায় সীমান্তের ওপার হতে সেনের বাজারে ক্রেতা সমাগম হয়না তাই বাজারটির জন্য নির্ধারিত সরকারী মূল্যে কেউ আগ্রহী নয়। বাজার গুলির ইজারা না হওয়ার কারন জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয় কে অবহিত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয় এবং বাজার দুটির সরকারী মূল্য যৌক্তিক পর্যায়ে পুন: নির্ধারণ করে ইজারা প্রদানের জন্য সভায় আলোচনা করা হয়।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে সাহেবাবাদ বাজার ও সেনের বাজারের পুন: নির্ধারিত সরকারী মূল্যে ইজারা প্রদানের জন্য জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের সদয় অনুমোদনের জন্য পত্র প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>ছ.</td>
<td>ব্রাহ্মণপাড়া উপজেলার নিম্নোক্ত স্থানের ঝুকিপূর্ন ও মরা গাছ কেটে অপসারণ করার জন্য আবেদনের প্রেক্ষিতে ফরেস্টার, সামাজিক বন বিভাগ কর্তৃক তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে নিম্নোক্ত স্থানের মরা ও ঝড়ে পড়া গাছ কর্তনের জন্য সভায় উপস্থাপন করা হয়।
<table>
<tr><td>ক্রনং</td><td>স্থানের নাম</td><td>প্রাক্কলিত মূল্য</td></tr>
<tr><td>০১.</td><td>বেজুরা গ্রামের বেজুরা আলম মেম্বারের দোকানের দক্ষিণ পাশে মো: মুমিনুল ইসলামের সাথে একটি মেহগনী গাছ কর্তণ</td><td>৯১১১/-</td></tr>
<tr><td>০২.</td><td>বেজুরা - গোপালনগর গ্রামের রাস্তার পাশে ০৪টি মেহগনী গাছ কর্তণ</td><td>৩১৭২৯/-</td></tr>
<tr><td>০৩.</td><td>সাহেবাবাদ ইউনিয়নের বিভিন্ন সড়কে মরা ও ঝড়ে পড়া গাছ নিলামে বিক্রয়</td><td>৩৫,২৪৬/-</td></tr>
</table>
</td>
<td>উক্ত ০৩টি স্থানের গাছ নিলামে বিক্রয়ের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে গাছগুলি নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td></td>
</tr>
</table>

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা [redacted]

চেয়[redacted]
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.২০.১৯১৫.০০০.০৬.০০২.২০২৩-২১ (২৯)

তারিখ: ১১/০৫/২০২৩খ্রি.

অনুলিপি :

১. জনাব আবুল হাসেম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৫,কুমিল্লা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩. কমিশনার , চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক,স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।

(১–৪) সদয় অবগতির জন্য।

৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৮. উপজেলা.............................................কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৯. চেয়ারম্যান.............................................(সকল) ইউপি,ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।

(৭–৯) অবগতি ও কার্যার্থে

১০. অফিস নথি।

(সোহেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।

# সভা নং-৫০

## ব্রাহ্মণপাড়া উপজেলা পরিষদের জুন/২০২৩খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এম এ জাহের<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । |
| সভার তারিখ | : | ১২/০৬/২০২৩খ্রিঃ সময় : বিকাল ২.৩০মিনিট ঘটিকা । |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা । |
| উপস্থিত সদস্যদের তালিকা | : | পরিশিষ্ট- "ক" অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "খ" । |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরনী উপস্থাপন করা হয়। পাঠান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। অতঃপর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের কার্যক্রম সম্পর্কে নিম্নবর্ণিত বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় প্রধানগণের আলোচনাঃ

| ক্র,ন | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, গত মাসে হাসপাতালে ১,২৫,০০০টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। গত মাসে আন্ত বিভাগে ৭৯২ জন বহিঃ বিভাগে ৩৩৯৪ জন, জরুরী বিভাগে ১০০০ জন কে সেবা প্রদান করা হয়। স্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| ০২. | কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো ধান ১০০% কর্তন করা হয়েছে। আউশ বীজতলা ১৭০ হেক্টরের অর্জিত হয়েছে। | | উপজেলা কৃষি কর্মকর্তা |
| | উপজেলা প্রকৌশলী জানান যে, ব্রাহ্মণপাড়া উপজেলার গুরুত্বপূর্ণ রাস্তা উপজেলা উন্নয়ন তহবিল হতে নিম্নে উল্লেখিত স্কীম সমূহ<br>ক. দুলালপুর বাজার হতে বালিনা খালপাড় রাস্তায় বালিনা মাদরাসার সামনে রাস্তা ইটের আথলা দ্বারা মেরামত ১,০০,০০০/- (পিআইসি)<br>খ. উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, ফেব্রুয়ারী/২০২৩ মাসের মাসিক সভার সংশোধনী, মল্লিকারদিঘী আরবআলী বাড়ীর রাস্তা সলিং এর স্থলে মল্লিকারদিঘী আরবআলী বাড়ী ও ইকবালের বাড়ীর রাস্তা সলিং করন ২,০০,০০০/-( পিআইসি)।<br>সিদ্ধান্ত :- উপজেলা উন্নয়ন তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | | উপজেলা প্রকৌশলী |
| ০৪. | মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা ব্রাহ্মণপাড়া কুমিল্লা জানান যে, বর্তমানে তীব্র দাবদাহ এর কারণে বিভিন্ন পুকুরের তাপমাত্রা হঠাৎ পরিবর্তন হচ্ছে, কারণে বিভিন্ন মাছ মারা যাচ্ছে। চাষীদের সার্বক্ষনিক পুকুরের অবস্থা পরিদর্শনের পাশাপাশি পানি পরিবর্তনের ব্যবস্থা, অক্সিজেন ট্যাবলেট, জিওলাইট এর ব্যবস্থা রাখতে হবে পাশাপাশি মৎস্য অফিসের যোগাযোগ করতে হবে। এছাড়া তাঁর বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানানযে, সরকারিভাবে গবাদিপশুর চিকিৎসা হয়েছে ১৬২৫টি, হাঁসমুরগীর চিকিৎসা হয়েছে ১৬০৫০টি,গবাদিপশুর টিকা প্রদান করা হয়েছে ৪৮২০ মাত্রা, হাঁসমুরগীর টিকা প্রদান করা হয়েছে ৩৪৪০০ মাত্রা, কৃত্রিম প্রজনন হয়েছে ১০৩৫ টি।<br>শশীদল সীমান্তে গরু পাচার হচ্ছে প্রাণি সম্পদ বিভাগে শশীদল ইউনিয়নে গবাদি পশু রেজিষ্ট্রার রয়েছে কিনা এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সীমান্তে গবাদি পশু পাচার রুখতে আপডেট গবাদি পশুর তালিকা উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬. | শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা ব্রাহ্মণপাড়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগ সম্পর্কে কিছু জানা যায়নি। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭. | মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, এস.এস.সি,দাখিল ও সমমান পরীক্ষা-২০২৩ চলমান। ৬টি বিষয়ের পরীক্ষা সুষ্ঠ,সুন্দরভাবে শেষ হয়েছে। অবশিষ্ট পরীক্ষাগুলো যাতে সুন্দর ও নকলমুক্ত পরিবেশে শেষ হয় সে জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ও ট্যাগ অফিসারদের নির্দেশনা প্রদান করেন। এছাড়া অফিসের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সমাজসেবা অধিদফতরাধীন সামাজিক নিরাপত্তা আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ কিস্তির ( এপ্রিল/২৩ হতে জুন/২৩) মৃত্যুজনিত কারণে ১৬২ জন বয়স্ক ভাতাভোগী, ১৬জন বিধবা ও ১৩ জন অসচ্ছল প্রতিবন্ধীকে প্রতিস্থাপন করা হয়েছে। ৪র্থ কিস্তির পে-রোল মে/২৩ মাসে দেওয়া হয়েছে এবং সকল ভাতাভোগীর "নগদ হিসাবে" ভাতা অর্থ পাচ্ছে।<br>সমাজসেবা অধিদফতরাধীন "এতিম ও প্রতিবন্ধী ছেলেমেয়েদের প্রশিক্ষণ ও পুর্নবাসন কেন্দ্র" দাউদকান্দি (ঢাকার গাঁও) তে অবস্থিত। ১৫ হতে ২৫ বছর বয়সী ছেলেমেয়েদের ০৬টি ট্রেডে ভর্তি চলছে। সম্পূর্ণ সরকারি খরচে প্রশিক্ষণ দেওয়া হয় (আবাসিক)।প্রশিক্ষণ ইচ্ছুক ছেলেমেয়েদেরকে " উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ব্রাহ্মণপাড়ার সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। | | উপজেলা সমাজ সেবা, |
| ০৯. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, আসন্ন ঈদ- উল-আযহা উপলক্ষে ১০৫২৯ কার্ডের বিপরীতে ১০৫.২৯০.মেঃটন চাল বিনামূল্যে বিতরনের জন্য বরাদ্দ পাওয়া গেছে। আগামী ১৪/০৬/২০২৩ তারিখের মধ্যে তালিকা প্রনয়ণ করে ২১/০৬/২০২৩ তারিখের মধ্যে ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরনের জন্য পত্র প্রদান করা হয়েছে।<br>২য় পর্যায়ের বীর নিবাস প্রকল্পের ১০৫টি আবাসন নির্মাণ কাজ চলমান অগ্রগতির হার ৬০%। ইজিপিপি ২য় পর্যায়ের প্রকল্পের কাজ ৩৬ দিন সম্পন্ন হয়েছে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভারনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম ২০২৩-২০২৪৩ চক্রের উপকারভোগীদের মে/২০২৩ মাসের পুষ্টি চাউল সুষ্ঠভাবে বিতরন করা হয়েছে এবং জুন/২০২৩ মাসের চালের ডিও দেওয়া হয়েছে।<br>ব্রাহ্মণপাড়া উপজেলার ০৮টি ইউনিয়নে মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় জুলাই/২০২২ হতে এপ্রিল/২০২৩ পর্যন্ত চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে। কিন্তু মে/২০২৩ মাসে অনলাইনে আবেদন না থাকায় ৫টি ইউনিয়নে অনুমোদন দেওয়া সম্ভব হয়নি শুধু মাত্র চান্দলা ইউনিয়নে -৭টি দুলালপুর -৭টি ও শিদলাই-৮টি অনুমোদন দেওয়া হয়েছে। বর্তমানে অনলাইনে আবেদন কার্যক্রম স্থগিত রয়েছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের লক্ষে ক্ষুদ্র ঋণ কার্যক্রম মে/২৩ মাসের ঋণ আদায় কার্যক্রম চলছে।<br>কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান আছে। | ঋণ আদায়ে মনিটরিং করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. উপজলা পরিবার-পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, Contraception চলতি মাসে সক্ষম দম্পতি ৪৩৮২৬ জনের মধ্যে খাবার বড়ি ১৭১৮৮জন, কনডম ২৬৬২ জন, ইনজেকশন ৫৭১৬ জন, আইইউডি ১৬৩১জন, ইমপ্লান্ট-২৬১৪ জন, স্থায়ী পদ্ধতি (পুরুষ) ৫৫১ জন এবং মহিলা ৪১৮২ জন, ইউনিয়নের মোট ৩৪৫৪৪ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহার করেছেন। সিএআর ৭৮.৮২%। মে/২০২৩ স্বাভাবিক প্রসবের সংখ্যা ৬৪ জন। মোট গর্ভবতীর সংখ্যা ১৬২৯জন, চলতি মাসে নতুন গর্ভবতী ২১১জন, গর্ভকালীন সংখ্যা ১০২২জন, গর্ভত্তোর ৫৪২ জনকে সেবা প্রদান করা হয়েছে। | | | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা. |
| ১২. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, এপ্রিল/২৩ মাসে পর্যন্ত প্রশিক্ষনখাতে ০৭টি ব্যাচে বরাদ্দ পাওয়া যায়। ইতিমধ্যে ৫টি ব্যাচে ১৫০জনের প্রশিক্ষন সম্পন্ন হয়। ০২টি ব্যাচ প্রক্রিয়াধীন যা আগামী ৭ দিনের মধ্যে শুরু করা যাবে। চলমান মাস পর্যন্ত ঋণ বিতরণ করা হয় ৬৭জনকে ৩০,৬০,০০০/- (ক্ষুদ্রঋণ) খাতে ৪০ জনকে ৪,৮০,০০০/- টাকা বিতরন করা হয়। চলমান মাসে ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৭.০১%। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এ উপজেলায় বাস্তবানাধীন ০৬টি প্রকল্প/ কর্মসূচীর মাধ্যমে চলতি অর্থ বছরে ৩৩১ জন সদস্যের মাঝে ৩১৭.০৭ লক্ষ টাকা ঋণ বিরতণ করা হয়। বার্ষিক ঋণ আদায় করা হয় ২৫১.০৯ লক্ষ টাকা। ঋণ আদায়ের গড় হার ৯৯%। বিদ্যমান খেলাপী ঋণ আদায়ের জন্য মাঠ পর্যায়ে প্রচেষ্টা অব্যাহত আছে। তদুপরি খেলাপী ঋণ আদায়ের জন্য প্রশাসন ও জনপ্রতিনিধিদের সর্বাত্মক সহযোগীতা কামনা করছি। এছাড়া অফিসের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | পল্লী সঞ্চয় ব্যাংক : শাখা ব্যবস্থাপক, ব্রাহ্মণপাড়া জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক ব্রাহ্মণপাড়া কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছর লক্ষ্যমাত্রা বিপরীতে অর্জন ঋণ বিতরণে লক্ষ্যমাত্রা ১৫১৬ (পনের কোটি ষোল লক্ষ) টাকা, ঋণ বিতরণে অর্জন ১১.১৬ (এগার কোটি ষোল লক্ষ) টাকা, ঋণ আদায়ে লক্ষমাত্রা ১৪১৫ লক্ষ টাকা, ঋণ আদায় অর্জন ১২.১০ লক্ষ টাকা, সঞ্চয় আদায় লক্ষমাত্রা ১০১ লক্ষ টাকা, এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | | সমন্বয়কারী এসএবং |
| ১৫. | উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে,২০২১-২০২২ সালের বরাদ্দ সমবায় সমিতির অডিট শতভাগ সম্পন্ন হয়েছে। ২০২২-২০২৩ সালের কার্যকর সমবায় সমিতির অডিট বরাদ্দ প্রস্তাবনা জেলা দপ্তরে প্রেরন করা হয়েছে।<br>২০২১-২০২২ সালের অডিট নোটের ভিত্তিতে অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল ধার্যকরে অনুমোদনের জন্য জেলা সমবায় দপ্তরে প্রেরন করা হয়েছে। | | সমবায় কর্মকর্তা |
| ১৬. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। | | |
| ১৭. | বন বিভাগঃ ফরেস্টার সভায় জানান যে, যে সকল রাস্তার উন্নয়ন কাজে যে গাছ গুলো কর্তনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | | ফরেস্ট রেঞ্জার, |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | পল্লী বিদ্যুৎ ঃ- ডিজিএম কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-২ ব্রাহ্মণপাড়া জোনাল অফিস সভায় জানান যে, উপজেলা পরিষদের আবাসিক কমপ্লেক্স সমূহের পুরোনো বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য অনুরোধ করা হয়। আশ্রয়ন প্রকল্পের ঘর সমূহে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। এছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | | ডিজিএম, পল্লী বিদ্যুৎ জোনাল অফিস |
| ১৯ | বিবিধ আলোচনাঃ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| | উপজেলা প্রকৌশলী ব্রাহ্মণপাড়া জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ব্যবহার নির্দেশিকা ২০২০ এর "অপ্রত্যাশিত খাতে ব্যয়" হতে নিম্নলিখিত আবেদনগুলো বিবেচনার জন্য উপস্থাপন করা হয়। | | |
| ক্রমিক | নাম, গ্রাম ও আবেদন এর কারন | টাকার পরিমান | উপজেলা পরিষদ, ব্রাহ্মণপাড়া। |
| ০১. | জনাব মোঃ বজলু মিয়া, পিতা- খাজু মিয়া, গ্রাম-মল্লিকারদিঘী, ০১৭২৭৯৯৩০১২ অগ্নিকান্ডে ০৩টি ঘর ও গরু পুড়ে মারা যাওয়ায় আর্থিক সাহায্য এর আবেদন করেন। | ১,৪০,০০০/- | |
| ০২. | জনাব মোসাঃ কুলসুম, স্বামী খোরশেদ আলম, গ্রাম-মল্লিকারদিঘী ০১৮৬২-৪১৯৫০৪। সড়ক দূর্ঘটনায় পা ভেঙ্গে যায়। | ২০,০০০/- | |
| ০৩. | জনাব মোঃ নজরুল ইসলাম, পিতা- মৃত আবদুল মজিদ গ্রাম+ডাকঘর- কান্দুঘর, চোখের লেন্স/ অপারেশন চিকিৎসার জন্য আবেদন করেন। | ১০,০০০/- | |
| ০৪. | জনাব মোঃ জুয়েল মিয়া, পিতা- মৃত আবদুল অদুধ, গ্রাম- নাইঘর,০১৬২-১৪১১১৭। চিকিৎসা সাহার্য্যের আবেদন করেন। | ১০,০০০/- | |
| ০৫. | জনাব মোঃ আবুল খায়ের, পিতা- আবদুল কাদের,গ্রাম- ব্রাহ্মণপাড়া,০১৭৩৬-১৯০৬৯৩ ছেলে ক্যান্সার রোগে আক্রান্ত আর্থিক সাহার্য্য আবেদন করেন। | ৩০,০০০/- | |
| ০৬. | জনাব মোঃ মুমিন মিয়া, পিতা- আকমত আলী, গ্রাম-মল্লিকারদিঘী, ০১৯৬৫৩৯১০৮৭ | ২০,০০০/- | |
| ০৭. | জনাব মোঃ খোরশেদেয়ারা বেগম, স্বামী- মৃত সৈয়দ আলী, গ্রামসিংহারচারা ১৯৪৯৪২২৯২৩। সিএনজি দূর্ঘটনায় পা ভেঙ্গে যায় চিকিৎসরার আর্থিক সাহার্য্যের আবেদন | ১০,০০০/- | |
| ০৮. | জনাব মোঃ ইসমাইল ভূইয়া, পিতা- মৃত সোয়াব আলী ভূইয়া গ্রাম-জিরুইন ০১৭৮৪৪৩৭৬৯২। চিকিৎসার সাহার্য্যের আবেদন | ১০,০০০/- | |
| ০৯. | জনাব মোসাঃ আমেনা আক্তার, পিতা-ছিদ্দিকুর রহমান বীর মুক্তিযোদ্ধা, শশীদল ০১৮২৭-০৩২৮৬৪ | ১০,০০০/- | |
| ১০. | জনাব মোসাঃ পাপিয়া খানম,স্বামী- মোঃ সাইফুল ইসলাম, গ্রাম- সাহেবাবাদ ০১৭৩৭৩৪০৭৬৮। অসহায় দুঃস্থ চিকিৎসার জন্য আর্থিক সাহার্য্যের আবেদন। | ৫০০০/- | |
| ১১. | জনাব মোঃ সাজ্জাত হোসেন খান, পিতা- আবদুস ছামাদ খান,গ্রাম-সাহেবাবাদ, মোবাইল নং-০১৮২৭৬১২৬২৬। সড়ক দূর্ঘটনায় আহত চিকিৎসার জন্য আবেদন। | ১০,০০০/- | |
| ১২. | মোঃ হুমায়ুন কবির, পিতা- , গ্রাম- সাহেবাবাদ, ০১৬২৪-৮৮০৭৩৬ | ১০,০০০/- | |
| ১৩. | গাউস পেয়ারী, স্বামী- আবু জাহের, গ্রাম- কল্লবাস, ০১৭২৫৯০১৫৯৫ | ১০,০০০/- | |
| ১৪. | মাজেদা বেগম, ব্রাহ্মণপাড়া০১৭৯৫০২৬৭১৬ | ১০,০০০/- | |
| ১৫. | তানভীর হোসেন, পিতা- হাবিবুর রহমান, ০১৬২৫-১৬৫৭৭৩ | ২০,০০০/- | |
| ১৬. | ক. শেফালী বেগম, স্বামী- মফিজুর রহমান, গ্রাম- টাটেরা ০১৭৩৯৪২৩৭৭২ খ. সানজিদা আক্তার, পিতা-বাবুল মিয়া, গ্রাম- নাগাইশ | ২০,০০০/- | |
| ১৭. | এলেন খান, পিতা-মোঃ মোলফত খান, গ্রাম-সাহেবাবাদ, ০১৭৫১১৩১৫৬৩ | ১৫,০০০/- | |
| ১৮. | ফাতেমা বেগম, স্বামী- মৃত সরাফত আলী, গ্রাম- অলুয়া চন্ডিপুর, ০১৬৪২৬৫৮৬৭৪ | ২০,০০০/- | |
| ১৯. | মোঃ ইনুস মিয়া, পিতা- মোঃ নুরুল ইসলাম, গ্রাম- নাইঘর, ০১৭৫২-৩৪৮৬৬২ | ১০,০০০/- | |
| ২০. | মোঃ মোহন মিয়া, পিতা-মৃত ছাবেব আলী, গ্রাম- চান্দলা চারিপাড়া০১৭৮০৯০৫০৬২ | ২০,০০০/- | |
| ২১. | মোঃ মোরশেদ আলম, পিতা- লাল মিয়া, গ্রাম-উত্তরশশীদল | ১০,০০০/- | |
| ২২. | মোঃ ইউনুস, ব্রাহ্মণপাড়া, ০১৭১৪৪৬৮৮৩৭ | ১০,০০০/- | |
| ২৩. | নীল মিয়া, গ্রাম- ব্রাহ্মণপাড়া সদর | ১০,০০০/- | |
| ২৪. | আনোয়ার হোসেন, পিতা-আঃ রব্বান, গ্রাম- শশীদল পূর্বপাড়া | ১০,০০০/- | |
| ২৫. | নাজমা বেগম, পিতা- আঃ মালেক , গ্রাম-বাগড়া | ১০,০০০/- | |
| ২৬. | মহসিন, পিতা বাচ্চু মিয়া, গ্রাম-বাগড়া | ১০,০০০/- | |
| ২৭. | রবিউল, পিতা- আবুল বাশার, গ্রাম- গংগানগর | ৩০,০০০/- | |
| | | ৫,০০,০০০/- | |
| সিদ্ধান্তঃ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা অসহায় দুঃস্থ মানুষের মাঝে চিকিৎসা ও অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ২৮ জন লোকের মাঝে বিতরনের জন্য অনুমোদিত হয় উপজেলা রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাত হতে ও মাস্টাররোলের মাধ্যমে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | | | |

| | | | |
|---|---|---|---|
| ক. | জনাব মোঃ আবদুর রহিম, উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা সভাকে অবহিত করেন যে, বিগত সভার সিদ্ধান্তে ব্রাহ্মণপাড়া উপজেলার সকল ইউনিয়ন পরিষদ হতে আইডিবিহীন রাস্তার তালিকা পাওয়া গেছে। প্রাপ্ত তালিকা সরজমিনে পরিমাপ গ্রহণ পূর্বক যাচাই-বাছায়ান্তে মোট ১৮টি আইডিবিহীন রাস্তার তালিকা চূড়ান্ত করা হয়েছে। তন্মধ্যে আশ্রয়ন প্রকল্প সংযোগ সড়ক ১৩টি এবং বিভিন্ন ইউনিয়নের ০৫টি রাস্তা রয়েছে। তিনি চূড়ান্তকৃত রাস্তার তালিকা সভায় উপস্থাপন করেন। যা পরিশিষ্ট "ক"তে উল্লেখ করা হলো। তিনি যাচাই বাছাইকৃত আইডিবিহীন রাস্তার তালিকাটি এলজিইডিতে গেজেটভূক্ত করার লক্ষ্যে অনুমোদন প্রদানের অনুরোধ জানান। | পরিশিষ্ট "ক" তে উল্লেখিত আইডিবিহীন ১৮টি রাস্তার তালিকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত আইডিবিহীন রাস্তার তালিকাটি জেলা কমিটির মাধ্যমে গেজেটভূক্ত করার প্রস্তাব উর্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ব্রাহ্মণপাড়া |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।
ফোন: ০৮০২৮-৫৬০৩০

স্মারক নং ০৫.২০.১৯১৫.০০০.০৬.০০২.২০২৩-৩০ (২৯) তারিখ: ১২/০৬/২০২৩খ্রি.

অনুলিপি:

১. জনাব আবুল হাসেম খান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুমিল্লা-৫,কুমিল্লা।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক,স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রাম।
৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কুমিল্লা।

(১–৬: সদয় অবগতির জন্য।)

৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৮. উপজেলা...............................................কর্মকর্তা,ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।
৯. চেয়ারম্যান...........................................(সকল) ইউপি,ব্রাহ্মণপাড়া ,কুমিল্লা।

(৭–৯: অবগতি ও কার্যার্থে)

১০. অফিস নথি।

(সোহেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
ব্রাহ্মণপাড়া,কুমিল্লা।